ডঃ নজরুল ইসলাম রচিত 'মুসলমানের করণীয়'
পুস্তকের জবাবে—

হিন্দুর করণীয়

নিত্যরঞ্জন দাস

ডঃ নজরুল ইসলাম রচিত

মুসলমানের করণীয় পুস্তকের জবাবে

নিত্যরঞ্জন দাস

ভূমিকা

ডঃ নজরুল ইসলাম I.P.S. অফিসার। সরকারের উচ্চপদে আসীন। পুলিশের পোষাক পরে পুলিশের গাড়ি চড়ে গিয়ে মুসলিম ইনস্টিটিউট হলে মুসলমানদের সভায় তাঁর প্ররোচনামূলক ভাষণ ঃ

❖ রাজ্যে মুসলমান মুখ্যমন্ত্রী হওয়া উচিৎ

❖ রাজ্যে গুরুত্বপূর্ণ সরকারি পদে মুসলমান নেই

❖ প্রয়োজনে মুসলিম অ্যাকটিভিটিজ (জঙ্গি কায়দায় আন্দোলন) করব।

এই সভায় নিষিদ্ধ জঙ্গি সংগঠন 'সিমি'র (SIMI) প্রতিনিধি হাজির ছিলেন। এছাড়া হাজির ছিলেন সিপিএম-নকশাল-মাওবাদী প্রতিনিধিরাও *[খবর ৩৬৫ দিন, ৩০.৭.১২]*

ডঃ ইসলাম একখানি বই লিখেছেন— ''মুসলমানের করণীয়''। মুসলমানের দুঃখ-দুর্দশা এবং তার প্রতিকারার্থে সর্বক্ষেত্রে বিশেষ সুযোগ সুবিধা ও সংরক্ষণ দাবি করেই তিনি ক্ষান্ত হননি। তাঁর প্রধান উদ্দেশ্য হল (ক) হিন্দুদের মধ্যে বিভেদ সৃষ্টি করা ও (খ) দলিত-মুসলিম ঐক্য জোট গড়া। প্রসঙ্গত উল্লেখ করা যায় ১৯৪৭ সালে যে মুসলিম লীগ ভারতে বসবাসকারী সকল মুসলমানের নিঃশর্ত সমর্থনে দেশভাগ করেছিল প্রথম দিকে সেই দলটিরও দাবি ছিল মুসলমানদের জন্য বিশেষ সুবিধা ও সংরক্ষণ। মুসলিম লীগও দলিত মুসলিম ঐক্যের শ্লোগান দিয়েছিল। তাঁর ভাষণ সম্বন্ধে পত্রকার লিখেছেন—''এই ধরনের অভিযোগ শুধু সাধারণ প্ররোচনাই নয়, রাজ্যের সুস্থিতি নষ্ট করার ও জাতি-দাঙ্গা বাধানোর এক ভয়ঙ্কর অপচেষ্টা।'' এক ঘোর অশনি সঙ্কেত! একি ১৯৪৭ সালের পদধ্বনি....? এই অবস্থায় হিন্দুর করণীয় কি হবে? হিন্দুকে বুঝতে হবে মুসলিম 'এ্যাজেণ্ডা' পূর্বেও যা ছিল আজও তাই আছে। পুনরায় ভারত বিভাগ! হিন্দুস্থান হিন্দুর মাতৃভূমি। এ দেশ রক্ষার দায়িত্ব হিন্দুর। আর সেজন্য প্রয়োজন সচেতনতা , ঐক্য ও বজ্রকঠিন সংকল্প।

নিত্যরঞ্জন দাস

বিষয়সূচী

ভারত বিভাগ

ডঃ নজরুল ইসলাম লিখেছেন - ' ... তাঁদের মাতৃভাষা বাংলা, কাজেই তাঁরা বাঙালী। তাঁদের জন্ম ভারতবর্ষে, কাজেই তাঁরা ভারতীয়। ভারতের বা বাংলার সব কিছুতেই তাঁদের সমান অধিকার। (পৃঃ -২৪) ... ধর্মের দিক থেকে আমি ইসলাম ধর্মাবলম্বী, মুসলমান। আমার ধর্মের ভাষা আরবী। আমার প্রধান তীর্থস্থান সৌদি আরবে। কিন্তু সে পরিচয় আমার বাঙালী বা ভারতীয় হতে কোন বাধা নয়। ... আমি ভারতীয়। আর কোন ভারতীয় আমার থেকে বেশী ভারতীয় নয়। (পৃঃ - ৩১)

মুসলমান যদি ভারতীয় হত - তবে মূল নিবাসী ভূমিপুত্র ডঃ নজরুল ইসলামরা জন্মভূমি ভারতবর্ষকে দ্বি-খন্ডিত করত না। তাই মানব সভ্যতার জননী এই ভারতবর্ষ কেন বিভক্ত হল সেই মূল প্রশ্নের আলোচনাই সর্বাগ্রে হওয়া উচিৎ বলে আমরা মনে করি।

প্রথমতঃ ইসলাম ধর্ম মনুষ্যজাতিকে দুইভাগে ভাগ করে। যাঁরা আল্লা ও তাঁর রসুল হজরত মহম্মদে বিশ্বাস করে, তাঁরা মুসলমান। যাঁরা বিশ্বাস করে না, তাঁরা কাফের বা বিধর্মী। দ্বিতীয়তঃ 'মুসলমান ধর্মশাস্ত্রের নির্দেশ মত মুসলিম মাত্রেরই নিকট পৃথিবী দুইভাগে বিভক্ত - ১। দার-অল্-ইসলাম; ২। দার-অল্-হর্‌ব। দার-অল্-ইস্‌লামের অর্থ ইসলামের দেশ, অর্থাৎ যে দেশ মুসলমান ধর্মাবলম্বী শাসক কর্তৃক অধিকৃত ও শাসিত। দার-অল্-হর্‌বের অর্থ যুদ্ধের দেশ, যে দেশে যুদ্ধ করিয়া ইসলামের প্রাধান্য স্থাপন করিতে হইবে। ইসলামের বিধান অনুসারে কোন মুসলমান অমুসলমানের অধীন থাকিতে পারেন না। শুধু তাই নয়; অমুসলমান জগৎ ও মুসলমান জগতের মধ্যে চিরন্তন বিরোধ, ... এই নির্দেশের জন্য অমুসলমান ও মুসলমান রাজ্যের মধ্যে কোন মৈত্রী হইতে পারে না; যতদিন পর্যন্ত না দার-অল্-হর্‌ব দার-অল্-ইসলামে পরিণত হইবে ততদিন পর্যন্ত বিশ্বাসী মুসলমান মাত্রকেই জিহাদ বা ধর্মযুদ্ধ চালাইতে হইবে।'[1] - লিখেছেন ক্ষণজন্মা চিন্তানায়ক নীরদ চন্দ্র চৌধুরী ।

সম্পূর্ণ ভারতবর্ষকে দার-অল্-ইস্‌লাম করতে মুসলমান চেষ্টার কসুর করে নাই। পরিশেষে ব্যর্থ হয়ে দাবী করে ভারতবিভাগ ও স্বতন্ত্র রাষ্ট্র পাকিস্তান।

---

1. নীরদ চন্দ্র চৌধুরী - আমার দেশ আমার শতক, পৃঃ ২৬-২৭

বিংশ শতাব্দীতে মুসলমানের স্বতন্ত্র রাষ্ট্রের দাবীর মুখ্য তাত্ত্বিক প্রবক্তা ছিলেন কবি স্যার মহম্মদ ইকবাল। তিনি বলেন, "সভ্যতা-সংস্কৃতি ও ঐতিহ্য অনুযায়ী স্বাধীন পরিপূর্ণ বিকাশের জন্য ভারতে বসবাসকারী মুসলমানের ন্যায় সঙ্গত অধিকার আছে ভারতের মধ্যে একটি স্বাধীন মুসলিম রাষ্ট্রের" ।(The Indian Muslim is entitled to full and free development on the lines of his own culture and tradition in his own Indian Home land)[1] লন্ডন প্রবাসী কেমব্রিজ শিক্ষিত তরুণ রহমত আলি ইকবালের তত্ত্বকে ব্যাখ্যা করে Now or Never শীর্ষক একটি পুস্তিকায় বলেন হিন্দুস্থানে মুসলমান এসেছিল বিজয়ীরূপে এবং বিগত ১২০০ বৎসর তারা স্বতন্ত্র জাতিরূপে বাস করছে ....। তাঁর মূল তত্ত্ব হল মূলত হিন্দু-মুসলমান দুটি স্বতন্ত্র জাতি ।পাঞ্জাব, উঃ পশ্চিম সীমান্ত প্রদেশ, কাশ্মীর, সিন্ধু ও বালুচিস্তান নিয়ে গঠিত ভূ-খন্ড মুসলমানের নিজস্ব বাসভূমি । ৭১২ খ্রীষ্টাব্দ হতে হিন্দুরা এখানে সংখ্যালঘু*। "আমাদের ধর্ম, সংস্কৃতি, ইতিহাস, পরম্পরা, সাহিত্য, অর্থব্যবস্থা, বিবাহ ও উত্তরাধিকার সংক্রান্ত বিধিসমূহ হিন্দুদের থেকে সম্পূর্ণ পৃথক। এই পার্থক্য কতগুলি মৌলিক নীতির মধ্যেই সীমিত নয়। দৈনন্দিন জীবনের সর্বক্ষেত্রে তা প্রতিফলিত। হিন্দু ও মুসলমান একসঙ্গে পানাহার করে না। স্থাপন করে না পরস্পরের সঙ্গে বৈবাহিক সম্পর্ক। আমাদের জাতীয় রীতি - নীতি, প্রথা, কাল-গণনা পদ্ধতি, আহার্য ও বেশ ভূষা - সকল কিছুই হিন্দুদের থেকে স্বতন্ত্র।" (Punjab N.W.F.P. Kashmir, Sindh and Baluchistan comprised the national home of the Muslims ...... This was not a part of India, for since 712 A.D. the Hindus were a minority there. The Muslim lived there as a nation for 1200 yrs. Whereas they came to Hindustan only as conquerors. To him Hindu-Muslim clash was not due to religious or economic reasons - it was an international conflict between two national ambitions ..... His basic theory was that the Hindus and Muslims were fundamentally distinct nations.. our religion, culture, history, tradition,

* হিন্দুরা কেন সংখ্যা লঘু? কারণ বিজয়ী মুসলমান এই সুপ্রাচীন আর্যভূমি থেকে হিন্দুকে হত্যা, বলপূর্বক ধর্মান্তর ও বিতাড়িত করে। হিন্দু তাই সংখ্যালঘু।

1. R.C.Majumder - History of the freedom Movement in India, Vol - III, P - 473.

literature, economic system, laws of inheritance, succession and marriage are fundamentally different from those of the Hindus. These differences are not confined to the broad basic principles. They extend to the minute details of our lives. We, Muslims and Hindus do not interdine; we do not intermarry, our national customs and calenders, even our diet and dress are different.)[1]

জিন্নার* পূর্বেই দ্বি-জাতি তত্ত্বের ব্যাখ্যায় তিনি বলেন - "সুতরাং আমাদের জাতির ভাগ্যকে এক ভারতীয় জাতিত্বের (ভারতীয় জাতীয়তাবাদ) স্বার্থের সঙ্গে যুক্ত করার অর্থ হবে আমাদের বংশধর ও ইতিহাসের সঙ্গে বিশ্বাসঘাতকতা ও মানবতার বিরুদ্ধে এক অপরাধ"। (Therefore for us to seal our national doom in the interest of our Indian nationhood would be a treachery against our posterity, a betrayal of our history and a crime against humanity)[2] **সুতরাং প্রমাণিত হল মুসলমান ভারতীয় জাতীয়তাবাদকে স্বীকার করেন না। ডঃ সাহেব কি বলেন?** রহমত আলি লন্ডনে গোলটেবিল বৈঠকে মুসলিম প্রতিনিধিদের নিকট Now or Never পুস্তিকাটি পাঠিয়ে ছিলেন। ইসলাম ধর্ম সকল বিশ্বাসীদের (মুসলমান) মধ্যে সঞ্চারিত করে এক ঐক্যবোধ। তাই তাদের আবেগ অনুভূতি, চিন্তা, আদর্শ ও বিচার ধারায় দেখা যায় এক বিস্ময়কর ঐক্য বা সাদৃশ্য। (The religious law of the Muslim has had the effect of imparting to the very diverse individuals of whom the world is composed, a unity of thought, of feeling, of ideas,of Judgement - Renan)[3] তাই চিন্তাধারায় মহম্মদ আলি জিন্নার সঙ্গে গ্রামের চাষী হাফিজ আলি ইসলামের কোন পার্থক্য নেই। ডঃ সাহেব কি বিরল ব্যতিক্রম?

মুসলমান একটি স্বতন্ত্র জাতি;অনন্য তার বৈশিষ্ট্য। পৃথিবীর অন্য কোন জাতির সঙ্গে তার মিল নেই। মুসলিম ঐতিহাসিক আয়েষা জালালের বিশ্লেষণে - "বিশ্বের সকল মুসলমান বিশ্বাস করে যে, আল্লাহ হলেন বিশ্বের একমাত্র সার্বভৌম সম্রাট এবং

---

* পরবর্তী কালে জিন্নাও এই ভাষাতেই দ্বি-জাতি তত্ত্বের ব্যাখ্যা করেন। আজ পর্যন্ত কোন মুসলমান তার বিরোধিতা করেন নি। ডঃ নজরুল ইসলাম কি দ্বি-মত পোষণ করেন?

1. Ibid, P - 473, 474
2. Ibid, P - 474
3. B.R.Ambedkar - Writings & Speeches, Vol -8, P-234

আল্লাহ্ এক ও অদ্বিতীয়"। তাঁর কোন শরীক নেই। এই দুটি বিশ্বাস (hakimiyat and Unity of God or Tauhid) হল ইসলামের বিশ্বজনীন ভ্রাতৃত্বের ভিত্তি স্বরূপ। ইসলামে ধর্ম ও রাজনীতি অভিন্ন এবং মুসলমান যে আঞ্চলিক জাতীয়তাবাদ (ভারতীয় জাতীয়তাবাদ) স্বীকার করে না * তার তাত্ত্বিক ভিত্তি হল এই বিশ্বাস। (All Muslims subscribe to the hakimiyat or sovereignty of Allah over the entire world. Together with the belief in the unity of God or Tauhid, the notion of devine sovereignty lies at the heart of the Islamic view of universal brotherhood. It offers ideological Justification for rejecting territorial nationalism and the seperation of religion from politics)[1]

ইকবাল ও আয়েষা জালাল ইসলামের সংহতি ও বিশ্বজনীন ভ্রাতৃত্বের আদর্শের উল্লেখ করেছেন। ডঃ আম্বেদকরের ভাষায় তার যথার্থ স্বরূপ ঃ ইসলামের ভ্রাতৃত্ব হল মুসলিম ভ্রাতৃত্ব। সার্বজনীন নয়। অর্থাৎ মুসলমানের জন্য মুসলমানের ভ্রাতৃত্ব। যাঁরা মুসলমান দুনিয়ার বাহিরে তাদের জন্য আছে শুধু ঘৃণা ও বিদ্বেষ। আর জাতীয়তাবোধ, রাষ্ট্রের প্রতি আনুগত্য? **মুসলমান শাসিত দেশকেই মুসলমান নিজের দেশ বলে মনে করে - সে দেশটির অবস্থান পৃথিবীর যে কোন প্রান্তেই হোক না কেন। অর্থাৎ ইসলামের বিধান অনুযায়ী মুসলমান যেমন কখনও ভারতবর্ষকে মাতৃভূমি বলে ভাবতে পারে না। তেমনি হিন্দুকে ভাবতে পারে না আত্মীয় বলে** *। এই কারণেই মহম্মদ আলি একজন স্বনাম ধন্য ভারতীয় - কিন্তু খাঁটি মুসলমান। তাই তিনি ইচ্ছা প্রকাশ করেছিলেন যে, ভারতে নয় তাকে যেন কবর দেওয়া হয় জেরুজালেমে। * (The brotherhood of Islam is not the Universal brotherhood of man. It is brotherhood of Muslims for Muslims only, those who are

---

* এই ধর্মীয় বিধানের জন্যই মুসলমান হাজার বছর ভারতে বাস করেও ভারতীয় হতে পারল না। ভারতবর্ষকে মাতৃভূমি মনে করে না। তাই ভারত বিভাগ।

* মুসলমান হিন্দুকে উচ্চবর্ণ নিম্নবর্ণ নির্বিশেষে কাফের বলে গণ্য করে। অতএব বধ্য - তাতে পূণ্য আছে।

* রাষ্ট্রপুঞ্জের প্রস্তাব মত তখনও ইজরায়েল রাষ্ট্রের পত্তন হয় নি। জেরুজালেম নগরী ছিল মুসলিম অধ্যুষিত প্যালেষ্টাইনের অন্তর্গত, অতএব দার-উল-ইসলাম। বিখ্যাত আল আকসা মসজিদ এখানেই অবস্থিত। পাশেই ইহুদিদের Wailing Wall - যেখানে বৎসরের নির্দিষ্ট দিনে ইহুদিরা এসে অশ্রুপাতে পালন করে জাতীয় শোক দিবস।

1. Ayesha Jalal - Self & Sovereignty, P - 188

outside the corporation, there is nothing but contempt and enmity .... the allegiance of a Muslim does not rest on his domicile in the country which is his but on the faith to which he belongs ..... wherever there is the rule of Islam, there is his own country. In otherwords, Islam can never allow a true Muslim to adopt India as his motherland and regard a Hindu as his kith and kin. This is probably the reason why Maulana Mohammed Ali, a great Indian but a true Muslim, preferred to be buried in Jerusalem rathar than in India)[1] মুসলমান প্রায় সকল আলোচনাতেই মুসলিম দুনিয়ার উল্লেখ করে। মুসলমান Pan Islam- এর আদর্শে বিশ্বাসী। এই Pan Islam- বা বিশ্ব ইসলামিক তন্ত্রের মূল তত্ত্ব হল দেশ-কাল নির্বিশেষে বিশ্বের সকল মুসলমানের ইতিহাস, ধর্ম, সভ্যতা ও কৃষ্টি এক ও অভিন্ন। তাই জাতি হল মুসলমান। অর্থাৎ মুসলমান (যে দেশেরই অধিবাসী হোক না কেন) একটি স্বতন্ত্র জাতি। তাঁদের উদ্দেশ্য ও লক্ষ্য এক। আর তা হল বিশ্বব্যাপী দার-উল-ইসলামের (মুসলমান বা ইসলামের শাসন) প্রতিষ্ঠা। সকল মুসলমান - বিশেষতঃ অমুসলমান দেশের মুসলমানদের আনুগত্য Pan Islam- অর্থাৎ বিশ্ব ইসলামিক তন্ত্রের প্রতি।

এই Pan Islam- আবর্তিত হয় মুসলিম ধর্মগুরু খলিফাকে কেন্দ্র করে। তখন তুরস্কের সুলতান ছিলেন আবদুল মজিদ। প্রথম মহাযুদ্ধে জার্মানীর মিত্র রাষ্ট্র ছিল তুরস্ক। যুদ্ধে উভয় রাষ্ট্রই পরাজিত। ভেঙ্গে যায় বিশাল অটোমান সাম্রাজ্য। উচ্ছেদ হয় খলিফাতন্ত্র। তাই তুরস্কর পরাজিত সুলতানকে তাঁর সাম্রাজ্য ফিরিয়ে দেওয়ার দাবিতে এদেশে গান্ধীর নেতৃত্বে সংগঠিত হয় খিলাফত আন্দোলন। তুরস্ক ও আরব দুনিয়ায় কিন্তু সুলতানের সমর্থনে একটি অঙ্গুলিও উত্তোলিত হয় নি। গান্ধী খিলাফতের সমর্থনে মৌলান আজাদ ও মহম্মদ আলি, সৌকত আলিকে সঙ্গে নিয়ে সারা ভারত পরিভ্রমন করেন। ভারতসরকারের গোয়েন্দা দপ্তরের গোপন রিপোর্ট থেকে জানা যায় যে, মৌলানা আজাদ (পরবর্তীকালে কংগ্রেস প্রেসিডেন্ট ও কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী) ও হাকিম আজমল খাঁ কেরালার মুসলিম প্রধান মালাবার অঞ্চলে হিংসাত্মক ভাষণ দেওয়ার পরই মুসলমান হিন্দুর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে। (The following passage occurs in

1. Dr. B. R. Ambedkar - Writings & Speeches, Vol -8, P - 330, 331.

a confidential report of the I.B. Govt. of India : The Moplah (মালাবারের মুসলমান মোপলা নাম পরিচিত) rebellion broke out in August after khilaphat agitators, including Abul Kalam Azad and Hakim Ajmal Khan had been making violent speeches in the area."[1] গান্ধী পরিচালিত এই খিলাফত আন্দোলন মুসলমানের দ্বারা নির্বিচার হিন্দু হত্যা, ও বর্বর পাশবিক অত্যাচারে সমাপ্ত হয়। নিহত - ১৫০০, ইসালামে বলপূর্বক ধর্মান্তরিত করা হয় ২০০০০ * হিন্দুকে, সর্বস্ব হারিয়ে গৃহহারা হয় ১,০০,০০০ হিন্দু। **এই নরহত্যার সমর্থনে গান্ধী বলেন .... মোপলারা সাহসী, ধর্মভীরু। তারা ধর্মের জন্য ধর্ম নির্দেশিত পথেই সংগ্রাম করেছে।** (.... brave God fearing Moplas who were fighting for what they consider as religion, and in a manner which they consider as religious)2 ব্যর্থ খিলাফত। কিন্তু মুসলমান জাতি ও Pan Islam -এর স্বার্থে প্রয়োজন হয়, কেন্দ্রীয় নেতৃত্ব বা সংগঠনের। স্থাপিত হয় Organisation of Islamic Countries (OIC). এই OIC হল Pan Islam ও খলিফাতন্ত্রের আধুনিক সংস্করণ। Muslim Brotherhood -এই Pan Islam -এর আত্মা স্বরূপ।

যেখানে মুসলমান সেখানেই স্বতন্ত্ররাষ্ট্রের দাবি।

ভারতে বহু বিদেশী জাতি এসেছে। কালক্রমে তারা হিন্দু বা ভারতীয় জাতি সত্ত্বায় লীন হয়েছে। একমাত্র ব্যতিক্রম মুসলমান। শুধু ভারত নয়, পৃথিবীর কোথাও তারা মূল জাতিস্রোতের সঙ্গে মিশে যায় নি। বজায়ে রেখেছে আপন ইসলামি স্বাতন্ত্র। রাশিয়া ও চীনে মুসলমানদের সম্বন্ধে Akbar S. Ahmad -লিখেছেন ঃ এ সিদ্ধান্তে না এসে পারা যায় না যে, সোবিয়েত রাশিয়া ও চীনে মুসলমানদের অস্তিত্ব বিপন্ন করা যায় নি; তারা মূল জাতিস্রোতে মিশে না গিয়ে স্বীয় আত্মপরিচিতি বজায়ে রেখেছে।

---

* **এই ভাবেই হিন্দুদের বলপূর্বক ইসলামে ধর্মান্তরিত করা হয়। ইসলামের আধ্যাত্মিক মহিমায় আকৃষ্ট হয়ে কেউ মুসলমান হয় নি। কিন্তু ইসলামের এমনই মহিমা - যে একবার ধর্মান্তরিত হলেই সে হয় কালাপাহাড় ....।**

---

1. R. C. Majumder - History of the freedom Movement In India, Vol - III, P - 690
2. Ibid,P - 161

(The conclusion can't be escaped that Muslims in the U.S.S.R. and China have neither been crushed out of existence nor assimilated beyond recognition)[1]- কম্যুনিষ্ট রাশিয়া ও চীনের স্বৈরাচারী একনায়কতন্ত্রী শাসন ব্যবস্থায় (যা নাৎসীবাদ অপেক্ষা শতগুণে ভয়ংকর) সমাজ ও ব্যক্তিজীবনও কঠোর সর্বাত্মক রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের অধীন। সেখানেও তারা মুসলমানকে মূল জাতীয় স্রোতের সঙ্গে মেশাতে ব্যর্থ হয়েছে। *

চীন -

চীনের ঝিনজিয়াং প্রদেশে বিরাট সংখ্যক মুসলমানের বাস। তারা উঘুর মুসলমান নামে পরিচিত। তারা স্বতন্ত্র রাষ্ট্রের দাবীতে দীর্ঘদিন ধরে জেহাদী লড়াই করছে। চীনা সরকার তাদের দমন করার জন্য হান-চীনাদের ঝিনজিয়াং-এ বসতির ব্যবস্থা করেছে। সে দেশের আইন অনুযায়ী সরকারের অনুমতি না নিয়ে মসজিদ বানানো যায় না। (আর এদেশে মুসলমান বিনা অনুমতিতে হাজার হাজার মসজিদ মাদ্রাসা তৈরী করছে।) গ্রহণ করা যায় না - বিদেশী অর্থ। এত কঠোরতা সত্ত্বেও 'উঘুর' মুসলমানদের দমন করা যায় নি।

সিংহল -

অধিবাসীরা তিনভাগে বিভক্ত। সংখ্যা গরিষ্ঠ সিংহলী - ধর্মে বৌদ্ধ ; সংখ্যা লঘু তামিল - ধর্মে হিন্দু। এদের নামে কিন্তু ধর্মীয় পরিচয় নেই। আছে মুসলমান। সে নিজেকে না বলে সিংহলী না তামিল। তার একমাত্র পরিচয় - মুসলমান। তাদের আছে একটি রাজনৈতিক দল। নাম Ceylon Muslim Congress. খুব স্বল্প সংখ্যক বলেই এখন পর্যন্ত স্বতন্ত্র রাষ্ট্রের দাবি করেনি।

মায়ানমার (বার্মা) -

মোগল সম্রাট বৃদ্ধ শাজাহান অসুস্থ। আগ্রার দূর্গে অন্তরীণ। সিংহাসনের উত্তরাধিকার নিয়ে তাঁর চার পুত্রের মধ্যে রক্তক্ষয়ী গৃহযুদ্ধ শুরু হয়। সম্রাটের মধ্যমপুত্র সুজা ছিলেন বাংলার সুবেদার। তিনি প্রথমে ঔরঙ্গজেব ও পরে তাঁর সেনাপতি মীরজুমলার

*** এদেশে কি নজরুল ইসলামরা ভারতীয় জাতি সত্ত্বায় লীন হয়েছে? তা না হলে তো তারা ভারতীয় বলে দাবিই করতে পারে না ......।**

---

1. Akbar S.Ahmad- Discovering Islam, P -116

কাছে পরাস্ত (১৬৫৮ খ্রীঃ) হয়ে সপরিবারে অনুচরদের নিয়ে পালিয়ে যান বর্মার দুর্গম আরাকান অঞ্চলে। আরাকানে সেই সম্ভবতঃ প্রথম মুসলিম বসতি। দ্রুত বংশবৃদ্ধি ও বঙ্গদেশ থেকে অনুপ্রবেশের ফলে বৌদ্ধ প্রধান আরাকান অঞ্চলে বর্তমানে এক বিরাট সংখ্যক মুসলমানের বাস। এরা রোহিঙ্গা মুসলমান নামে পরিচিত। কিন্তু যেখানেই মুসলমান সেখানেই পাকিস্তান (স্বতন্ত্র মুসলিমরাষ্ট্র) দাবি। বর্মা বা মায়ানমারের শাসকবৃন্দ গণতান্ত্রিক বা একনায়কতন্ত্রী যাই হোক না কেন - তাঁরা দেশপ্রেমিক। এদেশের গান্ধী - নেহেরুর ন্যায় জাতিদ্রোহী, বিশ্বাস ঘাতক দেশদ্রোহী নন। নেই সেখানে কোন অশুভ "ধর্মনিরপেক্ষ চক্র" । বাংলাদেশে তখন বি.এন.পি. সরকার। প্রধান মন্ত্রী খালেদা জিয়া। মায়ানমারের সরকার ৬০, ০০০ মুসলমানকে বাংলাদেশে পাঠিয়ে (Push Back)দেয়। ক্ষুদ্র মায়ানমার যা পারে - বৃহৎ শক্তি ভারত তা পারে না .... বর্তমানেও আরাকান প্রদেশে বৌদ্ধ মুসলিম সংঘর্ষ চলছে। মুসলমানরা দেশত্যাগ করতে বাধ্য হচ্ছে। আর হতভাগ্য ভারতে ধর্মনিরপেক্ষ সরকারের প্রত্যক্ষ মদতে বাংলাদেশ থেকে জলস্রোতের ন্যায় মুসলিম অনুপ্রবেশ অব্যাহত। লক্ষ্য তাদের পুনরায় ভারত বিভাগ।

তাহলে প্রমাণিত হল মুসলমান কখনও রাশিয়ান, চীনা, বাঙালী বা ভারতীয় হয় না।

সিপাহী বিদ্রোহ -

ধর্মযুদ্ধের হুঙ্কার দিয়েই মুসলমানের হিন্দুস্থান অভিযান। তারপর কমবেশী হাজার বছরের ইসলামি শাসন। জিহাদের উদ্দেশ্য হল সার্থক। হিন্দুস্থান হল দার-উল-ইসলাম। ১৭৫৭ সালে পলাশীর প্রান্তরে মুসলমানের ভাগ্যরবি হল অস্তমিত*। এল ইংরেজ। হিন্দুস্থান আবার দার-উল-হারব। পুনরায় বেজে ওঠে জেহাদ বা ধর্মযুদ্ধের রণদামামা।

১৮৫৭ সালের মহাবিদ্রোহ। এই বিদ্রোহের প্রকৃতি নির্ণয়ে ঐতিহাসিকদের মধ্যে দ্বিমত রয়েছে। একশ্রেণীর ঐতিহাসিকদের মতে ১৮৫৭ সালের অভ্যুত্থান হল ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম। মহাবিপ্লবী স্বনামধন্য বীর সাভারকর এই মতের প্রধান প্রবক্তা। অন্যমতে এই বিদ্রোহ ছিল প্রকৃত পক্ষে সিপাহীদের বিদ্রোহ। ঘটনার বিশ্লেষণে প্রমাণিত হয় - জনসাধারণ ও দেশীয় রাজন্যবর্গ ব্যাপকভাবে এই বিদ্রোহে অংশ গ্রহণ করেনি। বিদ্রোহ মাত্র কয়েকটি অঞ্চলে - তাও প্রধানতঃ সিপাহীদের একাংশের

---

* পলাশীর যুদ্ধে সিরাজের পরাজয় ভারতের নিকট ভগবানের আশীর্বাদ স্বরূপ। এই যুদ্ধে মুসলমান পরাজিত না হলে আমাদের সুপ্রাচীন সভ্যতার গৌরব মহিমার পুনরুদ্ধার হত না। বর্তমানের ঐক্যবদ্ধ ভারত নয়, তখন ভারত হত পশ্চিম এশিয়ার মুসলিম দেশগুলির ন্যায় কলহদীর্ণ বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত এক ভূখন্ড।

মধ্যেই সীমাবদ্ধ ছিল। দিল্লীর বিদ্রোহীরা বাহাদুর শাহকে সম্রাট ঘোষণা করায় - শিখ ও রাজপুত শক্তি ঐতিহাসিক কারণেই বিদ্রোহে যোগদান করেনি;বরং ইংরেজ সরকারকে সাহায্য করেছে। মারাঠারা অংশ নিয়েছে , তবে স্বাধীন ভাবে। বাহাদুর শাহকে তাঁরা স্বীকার করেনি। কানপুরের সিপাহীরা মারাঠা নায়ক নানা সাহেবকে পেশোয়া বলে ঘোষণা করে। নানাসাহেব সিপাহীদের দিল্লী পাঠাতে অসম্মত হন। সকল ঘোষণা তাঁর নামেই করা হত। এদের মনে আশঙ্কা ছিল, বাহাদুর শাহ সম্রাট হলে ভারতে আবার মুসলিম রাজত্বের প্রতিষ্ঠা হবে। এখন প্রশ্ন হল মুসলমান এই বিদ্রোহকে কোন দৃষ্টিতে দেখেছিল। বস্তুত তাদের নিকট এ ছিল ধর্মযুদ্ধ। অর্থাৎ কাফেরের বিরুদ্ধে জেহাদ। সেই সময়কার বিভিন্ন রচনায় এর সমর্থন পাওয়া যায়। সমসাময়িক ঐতিহাসিক জীবনলালের (Jiwanlal) ১৯ শে মে'র (১৮৫৭) দিনলিপির বিবরণ অনুযায়ী - জুমা মসজিদে আজ ধর্মযুদ্ধের পতাকা উত্তোলিত হল।

২০শে মে। মহম্মদ সৈয়দ সম্রাটের সঙ্গে সাক্ষাত করে জানালেন - হিন্দুদের বিরুদ্ধে মুসলমানদের ক্ষিপ্ত ও উত্তেজিত করার জন্যই জেহাদের নিশান তোলা হয়েছে। (This day the standard of the holy war was raised by the Mahammedans in the Jumma Masjid). On May 20, he wirtes : Mahammad Sayed demanded an audience and rep-resented to the king that the standard of holy war had been erected for the purpose of inflaming the minds of the Mahammedans against the Hindus)[1]

রমেশ চন্দ্র মজুমদার বলেন - এই হিন্দু বিদ্বেষ শুধুমাত্র দিল্লীতেই সীমাবদ্ধ ছিল না। সরকারি বিবরণ অনুযায়ী ৪ঠা জুন বেনারসে বিদ্রোহের রাত্রে সংবাদ পাওয়া গেল যে একদল মুসলমান বিশ্বেশ্বরের মন্দিরে ইসলামের সবুজ নিশান ওড়াতে সংকল্পবদ্ধ। ইংরেজ রাজকর্মচারী মিঃ লিন্ড শহরের রাজপুতদের স্বধর্মের অপমান প্রতিরোধে আহ্বান জানান। তবেই মুসলমান নিবৃত্ত হয়। (But the communal spirit was not confined to Delhi.We learn from official re-port that on the night of mutiny (June-4) at Varanasi "news was received that some Mussulmans had determined to raise the Green Flag in the temple of Bishessur .... Mr. Lind called on the rajputs in the city to prevent the insult to their faith.

---

1. R. C. Majumder - History of the freedom Movement In India, Vol - I, P - 217

So the Mussulman retired peacefully”.[1]

বেনারস ছাড়াও উত্তর প্রদেশের বহু অঞ্চলে হিন্দু বিরোধী দাঙ্গা হয়েছে। উড়েছে ইসলামের সবুজ নিশান। .... মুসলমান মুসলিম রাজত্বের পুনঃ প্রতিষ্ঠা দাবি করে। হিন্দুদের পূণ্য তীর্থক্ষেত্র হরিদ্বার ও কন্‌খলে মুসলমান পৈশাচিক আনন্দে হিন্দু হত্যায় মত হয়। (The communal hatred led to ugly communal riots in many parts of U.P. Green Flag was hoisted and bloody wars were fought between the Hindus and Muslims in Sirsa, Budeon, Shahjahanpur, Bareilly, Moradabad and other places where the Muslims shouted for the revival of the Muslim Kingdom. Two famous Hindu places of Pilgrimage, Haridwar and Kankhal were mercilessly sacked)[2].

সিপাহী বিদ্রোহ কেবলমাত্র উত্তর প্রদেশেই ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। সেই পরিপ্রেক্ষিতে এ ঘটনা বিশেষ তাৎপর্য পূর্ণ যে, অযোধ্যা ও রোহিলা খন্ডে মুসলিম দলপতিগণ - তাঁদের ঘোষণায় ধর্ম ও কোরানের নামে মুসলিম জনতার নিকট আবেদন জানিয়েছে। তাদের স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যে, কাফেরের বিরুদ্ধে সংগ্রাম করলে মৃত্যুর পর বেহেস্তে গতি হয়। (It is very significant fact that all the proclamations of the Muslim chiefs in Avadh and Rohilakhand contain an appeal to the Muslims in the name of their religion and remind them on their faith in the koran, that by fighting against the infidels, they would secure to themselves eternal bliss after death).[3]

একই অভিমত পোষণ করেন ডঃ বি. আর. আম্বেদকর। তিনি বলেন, “জিজ্ঞাসু পাঠক যদি ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের ইতিহাস বিশ্লেষণ করেন তবে দেখতে পাবেন যে, এই বিদ্রোহ প্রকৃতপক্ষে ছিল ইংরেজের বিরুদ্ধে মুসলমানের জেহাদ। সৈয়দ আহ্‌মেদ বিগত কয়েক দশক প্রচার করেছেন যে ভারত ইংরেজ কর্তৃক অধিকৃত হওয়ায় দার-উল-হারবে পরিণত হয়েছে। তাই মুসলমানকে ইংরেজদের বিরুদ্ধে ই বিদ্রোহ করতে হবে। ভারতকে পুনরায় দার-উল-ইসলামে রূপান্তরিত করার লক্ষে ১৮৫৭ সালের

---

1. R. C. Majumder - History of the Freedom Movement In India, Vol - I, P -217
2. Ibid, P - 217
3. Ibid, P : 220 - 221

সিপাহী বিদ্রোহ এক বলিষ্ঠ প্রয়াস। এর সাম্প্রতিকতম উদাহরণ হল আফগানিস্থান কর্ত্তৃক ভারত আক্রমণের পরিকল্পনা। *

খিলাফত নেতৃত্বের প্ররোচনায় মুসলমানরাই ভারতকে মুক্ত করার জন্য আফগান সাহায্য প্রার্থনা করে। মূল কথা হল ভারত যদি সম্পূর্ণভাবে মুসলিম পদানত না হয় - তবে দেশটি অবশ্যই দার-উল-হারব। এবং সেক্ষেত্রে ইসলামিক অনুশাসন অনুযায়ী মুসলমান সঙ্গতভাবেই জেহাদ ঘোষণা করতে পারে (The curious may examine the history of the mutiny of 1857 and if he does, he will find that, in part, at any rate, it was really a "Jihad" proclaimed by the Muslims agaisnt the British, and that the mutiny so far as the Muslims were concerned was a recrudescence of revolt which had been fostered by Sayyed Ahmad who preached to the Musalmans for several decades that owing to the occupation of India by the

---

* এই সময় সংবাদে প্রকাশ যে ভারতের মুসলমানদের আমন্ত্রণে আফগানিস্থানের নবাব ভারত আক্রমণের পরিকল্পনা করছে। এ সম্বন্ধে মহম্মদ আলির বক্তব্য তাৎপর্যপূর্ণ ঃ জেহাদের উদ্দেশ্য নিয়ে আফগানরা যদি ভারত আক্রমণ করে; ভারতের মুসলমান তাদের পক্ষে যোগদান করতে শুধু বাধ্য নয় - যদি হিন্দুরা সহযোগিতা না করে তবে তাদের বিরুদ্ধেও যুদ্ধ করা হবে। (একই ধর্মীয় কারণে পাকিস্তান ভারত আক্রমণ করলে এদেশের মুসলমানের সমর্থন থাকে পাকিস্তানের প্রতি) If the Afgans invaded India to wage holy war, the Indian Mahammedan are not only bound to join them, but to fight the Hindus if they refuse to co-operate with them).[1]

মহম্মদ আলির ঘোষণায় দেশবাসী স্তম্ভিত। প্রকাশ্যে দেশদ্রোহীতা! কিন্তু গান্ধী অবিচল। মহম্মদ আলিকে সমর্থন করে তিনি বলেন - ব্রিটিশ সরকারের বিরুদ্ধে যুদ্ধে আমি অবশ্যই আফগান নবাবকে সাহায্য করব। দেশবাসীর নিকট আবেদন জানিয়ে আমি বলব যে সরকার জাতির (কোন জাতির?) আস্থা হারিয়েছে, তাকে সাহায্য করা অপরাধ। (I would in a sense, certainly assist the Amir of Afganistan if he wages war against the British Govt. That is to say, I would openly tell my countrymen that it would be a crime to help a Govt. which had lost the confidence of the nation to remain in power.[2]

---

1. R. C. Majumder - History of the Freedom Movement In India, Vol - III, P - 53

2. Dr. B.R.Ambedkar - Writings & Speeches, Vol - 8, P - 155

British the country had become a Dar-Ul-Harb... A more recent instance was the invasion of India by Afganistan in 1919. It was engineerd by the Musalman of India ..... the fact remains that India, if not exclusively under Muslim rule, it is Dar-Ul-Harb and the Musalmans acc, to the tenets of Islam are justified in proclaiming a Jihad).[1] প্রত্যাশিত ভাবেই সিপাহী বিদ্রোহের আড়ালে জেহাদ বা ধর্মযুদ্ধের বিরাট আয়োজন ব্যর্থ হয়। কিন্তু জেহাদের বিরাম নেই। এল ওয়াহবি আন্দোলন। প্রবর্ত্তক রায়বেরিলির সৈয়দ আহ্মেদ। ১৮৩১ সালে শিখদের সাথে যুদ্ধে তাঁর মৃত্যু হলে এ আন্দোলন দ্রুত সারাভারতে ছড়িয়ে পড়ে। ওয়াহবি আন্দোলন দমন করতে ইংরেজ সরকারকে যথেষ্ট বেগ পেতে হয়েছে।

বঙ্গভঙ্গ আন্দোলন -

বাংলা দেশেও উনবিংশ ও বিংশ শতাব্দীতে কতিপয় মুসলিম ধর্মসংস্কারকের আর্বিভাব হয়। এঁরা সকলেই ছিলেন Pan - Islamic. তাঁরা ঘোষণা করলেন, ইংরেজ শাসনাধীন বাংলা হল দার-উল-হারব।

ইসলামিক রাষ্ট্র স্থাপনের জন্য ইংরেজ ও হিন্দুর বিরুদ্ধে ধর্মযুদ্ধে অংশ গ্রহণ করা মুসলমানের পবিত্র কর্তব্য। এঁদের মধ্যে হাজী শরীয়ত উল্লার ফারজি (faraizi)* আন্দোলন, মৈনুদ্দিন আহ্মেদ ওরফে দুঁদুঁ মিয়ার খিলাফত সংগঠন ও মীর নিশার আলি ওরফে তিতুমীরের * আন্দোলন উল্লেখযোগ্য। পাকিস্তানের বিশিষ্ট ঐতিহাসিক কে. কে. আজিজ এর অভিমত হল "এই সকল নেতার প্রধান উদ্দেশ্য ছিল মুসলিম সমাজের সংস্কার;হিন্দু জমিদারদের গোলামী হতে মুক্ত করে তাঁদের আর্থিক উন্নতি বিধান এবং সকল শ্রেণীর মুসলমানদের মধ্যে প্রচলিত ইসলাম - বিরোধী রীতি নীতির দূরীকরণ। সর্বোপরি ইংরেজদের বিতাড়িত করে একটি স্বাধীন মুসলিম রাষ্ট্রের প্রতিষ্ঠা।" (The

---

* ফর্জ শব্দ থেকে ফরাজি আন্দোলনের উৎপত্তি। মুসলমানকে 'ফর্জ' অর্থাৎ 'প্রকৃত-কর্তব্যে' উদ্বুদ্ধ করার জন্য মক্কা থেকে নির্দেশিত ও শরীয়তউল্লা পরিচালিত আন্দোলনই ফরাজি আন্দোলন।
* এদেশে মুসলমানের সহযোগী হিন্দু-বিদ্বেষী প্রগতিশীল ধর্ম নিরপেক্ষ 'চক্র' প্রচার করে যে, তিতুমীর ছিলেন একজন স্বাধীনতা সংগ্রামী। পশ্চিমবঙ্গের পূর্বতন বামফ্রন্ট সরকার এই জেহাদী তিতুমীরের নামে বারাসাত (উত্তর ২৪ পরগণা) কেন্দ্রীয় বাস টার্মিনাসের নাম করণ করেছে।

---

1. Dr. B. R. Ambedkar - Writings & Speeches, Vol - 8, P - 295-296.

Principal goals of all these leaders were to effect reforms in the Muslim community, to improve their economic position by releasing them from the slavery of the Hindu Land Lords, to eradicate un-islamic practices from the Muslims of all classes and to drive the British out of the territory so that Muslims could live in freedom in an independent state of their own). [1] বাংলায় এই দার-উল-ইসলাম বা "পাকিস্তান" রাষ্ট্র গঠনে মুসলমান ইংরেজের সক্রিয় সহযোগিতা পেয়েছিল। উনবিংশ শতাব্দীর শেষার্ধে বাংলা তথা সমগ্র ভারতে দেখা দেয় ব্যাপক হিন্দু জাগরণ। ইংরেজ প্রমাদ গুণল। লন্ডনে ইংরেজ রাজনীতিবিদরা মিলিত হলেন এক গোপন বৈঠকে। কংগ্রেসের প্রতিষ্ঠাতা লর্ড হিউমও সেই সভায় উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হল নবজাগ্রত হিন্দু জাতির স্বাধীনতা স্পৃহা যাতে ব্রিটিশ সাম্রাজ্যের স্বার্থ প্রত্যক্ষভাবে ক্ষুন্ন না করতে পারে, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। স্বাধীনতা আন্দোলনকে যদি সংস্কার আন্দোলনে পরিবর্তিত করা যায় - তবে তাই হবে ইংরেজের পক্ষে সর্বাধিক নিরাপদ। তারজন্য চাই একটি রাজনৈতিক দল। প্রতিষ্ঠিত হল বিদেশী লর্ড হিউমের নেতৃত্বে কংগ্রেস দল। নামটিও নেওয়া ইংরেজী ভাষা থেকে।*

লর্ড কার্জন তখন গভর্নর জেনারেল। তিনি বুঝতে পারলেন, দেশপ্রেমের অগ্নিমন্ত্রে দীক্ষিত হিন্দু শক্তিকে দমন করতে না পারলে ব্রিটেনের ভারত সাম্রাজ্য বিপন্ন হতে পারে। শত্রুর শত্রু আমার মিত্র। রাজনীতির এই ধ্রুব সত্যকে মেনে নিয়ে তিনি মুসলমানের পক্ষ নিলেন। তাঁদের দাবি মেনে তিনি ১৯০৫ সালের ১৬ই ডিসেম্বর, ঘোষণা করেন বঙ্গ বিভাগ। এই প্রসঙ্গে রমেশ চন্দ্র মজুমদারের বিস্তারিত বিবরণ সংক্ষেপে উদ্ধৃত হল ঃ এই সময় হিন্দু ও কংগ্রেস বিদ্বেষী আলিগড়ের সুপ্রসিদ্ধ নেতা সৈয়দ আহমেদ * মুসলমান সম্প্রদায়কে হিন্দুর বিরোধী এবং ভিন্ন জাতিরূপে পরিচিত করিয়া

---

* নামটি বিদেশী - প্রতিষ্ঠাতা একজন বিদেশী। বর্তমান সভাপতিও এক বিদেশিনী।

* অবশ্য মার্কসবাদী ঐতিহাসিক ইরফান হাবিব বলেন - তিনি ছিলেন "অসাধারণ প্রগতিশীল .... উনবিংশ শতাব্দীর এক অগ্রণী চিন্তানায়ক"। (He was a remarkably progressive man .... among the 19th Century Thinkers, he is perhaps, the boldest) - The statesman, 8-11-1995.

সৈয়দ আহমেদ প্রতিষ্ঠিত আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় - "পাকিস্তান রাষ্ট্র" গড়ার কারখানা রূপে পরিচিত। বর্তমানে ইসলামি জেহাদী সংগঠন SIMI (Students Islamic

1. K.K.Aziz - The Murder of History, P : 209-210

সরকারি সাহায্যে স্বীয় সম্প্রদায়ের উন্নতির জন্য নানাভাবে সচেষ্ট ছিলেন এবং ইহাই ছিল তাহার শেষ জীবনের ব্রত। এই উদ্দেশ্যে তিনি ঢাকা নগরীতে মুসলমান নেতৃবৃন্দের এক সভা আহ্বান করেন। ঢাকার নবাব সলিমুল্লা ইহার প্রধান পৃষ্টপোষক ছিলেন এবং এই সভাতেই "মুসলিম লীগ" নামে কংগ্রেসের ন্যায় - কিন্তু, কেবল মুসলমান সদস্য লইয়া একটি রাজনৈতিক প্রতিষ্ঠান ঢাকা শহরে ১৯০৬ খ্রীষ্টাব্দে ৩১ শে ডিসেম্বর প্রতিষ্ঠিত হইল"। জাতীয়তাবাদী (?) কংগ্রেস নেতা ও পরবর্তীকালে কংগ্রেস সভাপতি " মৌলানা আবুল কালাম আজাদ এই সভায় উপস্থিত ছিলেন" - Azad- India wins Freedom, P - 117

বরেণ্য ঐতিহাসিক রমেশ চন্দ্র মজুমদারের মতে - "এই ভাবেই হিন্দু ও মুসলমান, এই দুই সম্প্রদায়ের মধ্যে যে হিংসা ও বিভেদের বীজ রোপিত হইল কালক্রমে তাহাই ৪০ বছর পরে মহামহীরূপে পরিণত হইয়া পাকিস্তান সৃষ্টি করিল। এই বিরোধাত্মক মনোবৃত্তি গভর্ণমেন্টের স্বার্থসিদ্ধি র অনুকুল হওয়ায় - অচিরাৎ ইহার ফলে সাম্প্রদায়িক কলহ ও মারামারি আরম্ভ হইল এবং সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ অনুমোদন ও সহানুভূতি লাভ করিল। ১৯০৭ খ্রীষ্টাব্দে ঢাকার নবাব সলিমুল্লাহ (মুসলিম লীগ নেতা) কুমিল্লায় গেলেন। ইহার পর মুসলমানরা চারদিন যাবৎ হিন্দু সম্প্রদায়ের দোকান লুঠ, বাড়িঘর পোড়াইয়া দেওয়া, স্ত্রী-পুরুষ-নির্বিশেষে প্রহার ও নানাবিধ অত্যাচার চালাইতে লাগিল, পুলিস কিছুমাত্র বাধা দিল না। হিন্দুর বিরুদ্ধে মুসলমানদের উত্তেজিত করার জন্য মুদ্রিত ইস্তাহার বিলি করা হইল"[1]। তাহার মধ্যে লাল ইস্তাহার বিশেষভাবে উল্লেখযোগ্য।

" হে মুসলমানগণ! জাগরিত হও। তহবিল সংগ্রহ কর। .... তোমাদের জ্ঞান নাই, যদি জ্ঞান লাভ করিতে পার, তবে একদিনেই হিন্দুকে জাহান্নামে পাঠাইতে পারি" [2] বাংলা ভাগ হলে পূর্ব বাংলা হবে মুসলিম সংখ্যা গরিষ্ঠ - অর্থাৎ দার-উল-ইসলাম বা পাকিস্তান। বৃহত্তর পাকিস্তান গঠনের পক্ষে কার্যকরী পদক্ষেপ। মুসলমান তাই প্রকাশ্যে ও সক্রিয়ভাবে বঙ্গ বিভাগ সমর্থন করে। পাকিস্তানি ঐতিহাসিক কে. কে. আজিজ

Movement of India) -এর সৃষ্টি এই আলিগড়ে। কেরালার জনৈক মার্কসবাদী সাংসদের বিশেষ উদ্যোগে ও পশ্চিমবঙ্গের মার্কসবাদী মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য এবং প্রাক্তন অর্থমন্ত্রী প্রণব মুখার্জ্জীর (বর্তমানে রাষ্ট্রপতি) সক্রিয় সহযোগিতায় এ রাজ্যের মুসলিম প্রধান মুর্শিদাবাদ জেলায় এই আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের একটি ক্যাম্পাস প্রতিষ্ঠিত হয়েছে। হিন্দু ও ভারত বিরোধী সকল বিষয়ে মুসলমান কংগ্রেস কম্যুমিষ্ট এক জোট।

1. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃঃ ৭২
2. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃঃ ৭৪

ঘটনার তাৎপর্য বিশ্লেষণ করে বলেন - প্রধানত বাঙালী মুসলমানদের উদ্যোগেই ১৯০৬ সালের ডিসেম্বরে ঢাকায় প্রতিষ্ঠিত হয় সারা ভারত মুসলিম লীগ*। ১৯০৫-১৯১১ সাল এই ছ'বছর বঙ্গভঙ্গের বিরুদ্ধে হিন্দু ও কংগ্রেসের প্রবল বিক্ষোভ আন্দোলন বাংলার মুসলমান মোকাবিলা করেছে। সিমলায় প্রতিনিধিদল প্রেরণ ও মুসলিম লীগের উত্থানের উত্তেজনাপূর্ণ বছরগুলিতে যে বিষয়টি বাংলার মুসলমানদের হৃদয়কে গভীরভাবে আলোড়িত করেছে তা হল বঙ্গ-বিভাগ। বাংলা ভাগ করে (পূর্ববাংলায়) একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ প্রদেশ গঠনের বিরুদ্ধে যে তীব্র গণ আন্দোলন হয় তার প্রতি কংগ্রেসের ছিল পূর্ণ ও প্রত্যক্ষ সমর্থন। সুতরাং বঙ্গবিভাগের বিষয়টি প্রাদেশিকতার সীমা অতিক্রম করে সর্বভারতীয় স্তরে উন্নীত হয় যা মুসলমানকে গভীর আবেগে উত্তেজিত করে এবং সংগঠিত হয় উপর্যুপরি হিন্দু মুসলিম দাঙ্গা। (It was mainly on the initiative of Bengali leaders that the All India Muslim League was established in Dacca in Dec - 1906. Between 1905 and 1911 the Bengali Muslims faced the Hindu and Congress agitation and anger because of the partition of Bengal .... During the hectic years of the Simla deputation and the emergence of AIML the most important issue which touched the heart and life of every Bengali Muslim was the partition. It was by no means a provincial matter. The Hindu agitation against the splitting up of Bengal and the creation of a new Muslim majority province had the solid backing of the Congress. This raised the controversy to an all India Level where it stirred deep passions and led to frequent and bloody Hindu- Muslim riots). [1]

সমগ্র জাতি যখন ইংরেজের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামে উত্তাল, তখন মুসলমান শুধু নীরব দর্শকের ভূমিকায় ছিল না - সে ছিল ইংরেজের সহযোগী। এমনকি পাকিস্তান রাষ্ট্র গঠনের জন্যও তাকে কার্যত কোন আন্দোলন করতে হয় নি। কংগ্রেসের কল্পনা বিলাসী সর্বোচ্চ নেতৃত্বের একাধিক পর্বত প্রমাণ আত্মঘাতি ভ্রান্ত পদক্ষেপ ভারত বিভাগ অনিবার্য করে তুলেছিল। ইংরেজ উপলক্ষ্য মাত্র। যদিও মুসলমান দাবি করে যে তারা

***যে মুসলিম লীগ দেশভাগ করেছে - তার প্রতিষ্ঠা হয়েছে বঙ্গদেশের ঢাকায়। উদ্যোক্তা ডঃ নজরুল ইসলামের বাঙালী মুসলমান।**

1. K.K.Aziz - The Murder of History, P - 211, 216

তাদের স্বাধীনতার (পাকিস্তান) জন্য প্রভূত ত্যাগ স্বীকার করেছে। ঐতিহাসিক **কে. কে. আজিজ-এর মতে এই দাবি সম্পূর্ণ ভিত্তিহীন। "প্রকৃত ঘটনা হল - ১৮৫৮-১৮৬০ ও ১৯২০-২২ সালের (খিলাফত আন্দোলন) কয়েক বছর ব্যতীত ১৮৫৭-১৯৪৭ পর্যন্ত মুসলমান স্বাধীনতার জন্য কোন দুঃখকষ্ট বরণ করেনি। একথা অনেকেই ভুলে যান যে মুসলিম লীগের আন্দোলন প্রথমে ছিল সংরক্ষণ ও বিশেষ সুযোগ-সুবিধা এবং পরবর্তীকালে স্বাধীন মুসলিম রাষ্ট্রের জন্য; এবং এ আন্দোলন ছিল সম্পূর্ণ নিয়মতান্ত্রিক। আবেদন নিবেদনের মধ্যেই সীমাবদ্ধ, কোন মুসলিম লীগ নেতা কারাবরণ করেনি; মুসলিম জনতাকে ইংরেজ পুলিসের গুলি খেতে হয়নি"**
'The fact is that, apart from the brief years of 1858-1860 and 1920-22, Muslim suffers little hardship between 1857 to 1947. It is forgotten by everyone that Muslim League's search for protection and safeguards (in the early years) and its struggle for an independent country (in the later years) were strictly constitutional efforts .... No Muslim league leaders languished in prisons. No Muslim Massesses faced British Bullets.)[1]

এই হল ভারতের মুসলমান! যারা দেশের স্বাধীনতার জন্য এক বিন্দু রক্ত দেয় নি - তারাই আজ দেশের সম্পদ ভান্ডারের মুখ্য দাবিদার ! মোগল সাম্রাজ্যের পতন হলে ভারতে মুসলিম রাজত্বের ঘটে অবসান। ভারত আবার দার-উল-হারব। কিন্তু মুসলমান তা মেনে নিতে পারে না। ভারতকে দার-উল-ইসলাম করা তার ধর্মীয় লক্ষ্য। "জেহাদ" তার জন্য ধর্ম নির্দেশিত পথ। পূর্বেই উল্লিখিত হয়েছে - সিপাহী বিদ্রোহে মুসলমান যুগপৎ ইংরেজ ও হিন্দুর বিরুদ্ধে ঘোষণা করে "জেহাদ"*। তারপর দেশব্যাপী নিরবচ্ছিন্ন দাঙ্গারূপে আবির্ভাব ঘটে জেহাদের। ইতিমধ্যে ইংরেজদের বিরুদ্ধে হিন্দুর স্বাধীনতা আন্দোলন প্রবল হয়। দেখা দেয় ক্ষমতা হস্তান্তরের সম্ভাবনা। ভারতে মুসলিম শাসনের পুনঃ প্রতিষ্ঠা অসম্ভব বুঝতে পেরে মুসলমান স্বতন্ত্র জাতীয় রাষ্ট্রের দাবি করে। দাবি আদায়ের জন্য দাঙ্গা হয় তার হাতিয়ার। **ইসলামী "জেহাদ" যদি ভারতে পুনরায় মুসলিম শাসন অর্থাৎ দার-উল-ইসলাম প্রতিষ্ঠা করতে পারত; তবে আর মুসলমান স্বতন্ত্র রাষ্ট্রের দাবি করত না। ভারত বিভাগ প্রশ্নে এই বিষয়টি সর্বাগ্রে বিবেচ্য। Pan-Islam ও ভারতীয় জাতীয়তাবাদ তত্ত্বগতভাবেই পরস্পর বিরোধী। এই বিরোধিতাই হিন্দু-মুসলিম অনৈক্য ও ভারত বিভাগের মূল কারণ।**

* পরবর্তী কালের 'ফর্জ', 'ওয়াহবি' ও ১৯২০ সালের 'খিলাফত' আন্দোলনও' ছিল হিন্দুর বিরুদ্ধে মুসলমানের জেহাদ।

1. K.K.Aziz - The Murder of History, P - 197

১৯৪০ সালের ২৪শে মার্চ মুসলিম লীগের লাহোর অধিবেশনে পাকিস্তান প্রস্তাব গৃহীত হয়। মূল প্রস্তাব উত্থাপন করেন বাংলার উদারচেতা প্রধান মন্ত্রী ফজলুল হক। মুসলমান নেতাদের মধ্যে প্রগতিশীল ও ধর্মনিরপেক্ষ বলে যিনি ছিলেন খ্যাতিমান। অধিবেশনে সভাপতির ভাষণে মহম্মদ আলি জিন্না বলেন - "হিন্দু ও মুসলমান, দুটি পৃথক জাতি। হিন্দু ও মুসলমানদের পৃথক ধর্ম, দর্শন, সামাজিক প্রথা ও সাহিত্য। তাহারা পরস্পর বৈবাহিক সম্পর্কে আবদ্ধ হন না বা একসঙ্গে আহারও করেন না। জীবন সম্পর্কে তাহাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ পৃথক। হিন্দু ও মুসলমানরা সাহিত্য ও ইতিহাসের দিক হইতে বিভিন্ন প্রকারের অনুপ্রেরণা লাভ করে। তাঁহাদের একের কাছে যাঁহারা বীর ও পূজনীয়, অন্যের কাছে তাঁহারা ঘৃণ্য শত্রু। সুতরাং এই দুই জাতি- এক রাষ্ট্রের অর্ন্তভুক্ত হইলে কখনও মিলিয়া মিশিয়া সুখে সন্তুষ্ট চিত্তে থাকিতে পারিবে না। বিগত বারো শত বৎসরের ইতিহাস হইতে প্রমাণিত হয় যে, এই দুটি জাতির * মধ্যে জাতীয় ঐক্য কখনও গড়িয়া উঠে নাই। ইংরেজের ভয়ে একটি যে কৃত্রিম ঐক্য গড়িয়া উঠিয়াছিল, ইংরেজ রাজত্ব অবসানের সঙ্গে সঙ্গে তাহারও অবসান হইবে। তখন ভারতের শাসনতন্ত্রে হিন্দুদের প্রাধান্য থাকিবে। আমি আশা করি, ইংরেজ জোর করিয়া কখনও মুসলমানদের হিন্দু রাজ্যে বাস করিতে বাধ্য করিবে না। কারণ মুসলিম ভারত এমন শাসনতন্ত্র গ্রহণ করিতে পারে না যেখানে হিন্দুর প্রাধান্য থাকিবে"।[1]

---

* ক) জাতির (Nation) সংজ্ঞায় স্বামী বিবেকানন্দ ঃ

স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক দৃষ্টি অনুসরণ করে স্বামী প্রজ্ঞানন্দ লিখেছেন - " ... ত্যাগ ও চরম সত্যের অপরোক্ষজ্ঞানকে ভিত্তিস্বরূপ অবলম্বন করিয়াই ভারতের জাতীয়তারূপ সুমহান সৌধ চিরকাল দণ্ডায়মান রহিয়াছে, ঐ জাতীয়তার প্রাণশক্তি ভারতের ধর্মের ভিতরেই নিহিত।"

জাতীয় ঐক্যের নীতি ঘোষণা করে স্বামীজী বলেছিলেন ঃ " A Nation in India must be a union of those whose hearts beat to the same spiritual tune". উদার ও গভীর এইরূপ অধ্যাত্মচেতনার ঐক্য ভূমিতে স্বামীজী রোপন করেছিলেন ভারতীয় জাতীয়তাবোধবৃক্ষ। স্বামীজীর এই প্রয়াসের ফলে সহজেই স্বাভাবিক জাতীয়তাবোধ স্ফুরিত হয়েছিল, জাতির পুনরুত্থান সহজসাধ্য হয়েছিল। ঐতিহাসিক রমেশ চন্দ্র মজুমদার স্বামীজীর অবদানের স্বীকৃতি জানিয়ে লিখেছেন ঃ Vivekananda vitalised the nationalism of India by putting it on a spiritual level and making it a clarion call of the Hindus to realise the value of their spiritual heritage ..."

---

1. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃঃ ৪৩৪

কলিকাতা দাঙ্গা -

১৯৪৩ সালের ২৭শে জুলাই মুসলিম লীগ ওয়ার্কিং কমিটি ১৬ই আগষ্টকে "প্রত্যক্ষ সংগ্রাম দিবস" (Direct Action Day) রূপে পালনের আহ্বান জানায়। মুসলিম মহল্লায় ধ্বনি ওঠে "লড়কে লেঙ্গে পাকিস্তান"। বাংলায় মুসলিম লীগ মন্ত্রীসভা। প্রধানমন্ত্রী সুরাবর্দি গান্ধীর প্রিয় ভ্রাতা । হিন্দু মেধ যজ্ঞের আয়োজন সম্পূর্ণ। ৫ই আগষ্ট ১৯৪৬ - কলকাতা থেকে প্রকাশিত The Statesman পত্রিকায় সুরাবর্দি 'শহীদ' এই ছদ্মনামে এক প্রবন্ধ লেখেন ঃ দাঙ্গা-হাঙ্গামা ও রক্তপাত যদি মহৎ কাজের * জন্য হয় তবে তা খারাপ নয়। অথচ মুসলমানের নিকট পাকিস্তান * দাবি অপেক্ষা প্রিয় ও মহত্তম আর কিছু নেই। (Bloodshed and disorder are not necessarily evil in themselves if resorted for a noble cause. Among Muslims today no cause is dearer or nobler than Pakistan)[1] মুসলমানদের সুরক্ষা এবং রাজ্য পুলিশ বাহিনীকে নিষ্ক্রিয় করার জন্য সুরাবর্দি পাঞ্জাব থেকে ৫০০ মুসলমান পুলিশ এনেছেন। ১৬ই আগষ্ট সরকারি ছুটি ঘোষিত হয়। বিভিন্ন উর্দুপত্রিকায় ছাপা হল মুসলমান নেতাদের জ্বালাময়ী ভাষণ। বিলি করা হয় লক্ষ লক্ষ উত্তেজনাপূর্ণ প্রচার পত্র। একটি উর্দু পত্রিকায় লেখা হয় - "এই রমজান মাসে ইসলাম ও কাফেরদের প্রথম প্রকাশ্য যুদ্ধ আরম্ভ হয়। এই রমজান মাসেই আমরা মক্কায় জয়লাভ করি এবং পৌত্তলিকদের নিশ্চিহ্ন করিয়া দেই। এই মাসেই ইসলামের বনিয়াদ স্থাপিত হয়। আল্লার ইচ্ছায় পাকিস্তান লাভের উদ্দেশ্যে জেহাদ আরম্ভ করিবার জন্য নিখিল

জাতীয় জীবনের গঠনকর্তা স্বামী বিবেকানন্দের প্রতি ঋণ স্বীকার করে চক্রবর্তী রাজা গোপালাচারী ১৯৬২ খ্রীঃ ২৭শে জুলাই লিখেছিলেন ঃ Swami Vivekananda saved Hinduism and saved India. But for him we would have lost our religion and would not have gained our freedom. We therefore owe everything to Swami Vivekananda."

শ্রী অরবিন্দ বলেছেন ঃ ভারতের জাতীয় আদর্শের বীজ বিবেকানন্দের ভিতর নিহিত ছিল। ... বিবেকানন্দই আমাদের জাতীয় জীবনের গঠনকর্তা। তিনিই ইহার প্রধান নেতা। ঐতিহাসিক পানিক্কর লিখেছেন ঃ What gave Indian nationalism its dynamism and ultimately enabled it to weld at least the major part of India into one state was the creation of a sense of community among the Hindus to which the credit should to a very large extent go to Swami Vivekananda ..." - স্বামীলোকেশ্বরানন্দ সম্পাদিত - চিন্তানায়ক বিবেকানন্দ, পৃঃ ৭৪-৭৫।

মনীষীদের এই সুচিন্তিত অভিমতের প্রেক্ষিতে গান্ধী-নেহেরুর হিন্দু-মুসলমানকে নিয়ে এক ভারতীয় জাতি গঠনের তত্ত্ব বিবেচনারও যোগ্য কি ... ?

* দেশভাগ মহৎ কাজ। এই মহৎ কাজের জন্য হিন্দু হত্যা খারাপ নয় - বলেছেন ডঃ সাহেবের বাঙালী (?) মুসলমান শহীদ সুরাবর্দি।

* ইতিহাসবিদ্ বিদগ্ধ পন্ডিত ডঃ নজরুল ইসলাম বলেন - "বাংলাকে মুসলমানরা ভাগ করেন নি" পৃষ্ঠা - ৬১। খাঁটি কথা। মুসলমানরা পুরা বাংলাকেই পাকিস্তানের অর্ন্তভুক্ত করতে চেয়েছিল। হিন্দুর বাঁধা দানে সে স্বপ্ন পূর্ণ হয় নি।

---

1. Leonard Moslay - The Last Days of the British Raj, P - 27

ভারত মুসলিম লীগ এই রমজান মাস ঠিক করিয়াছেন"*[1]।

কলিকাতা জেলা মুসলিম লীগের সেক্রেটারি এবং কলিকাতার মেয়র মহম্মদ ওসমানের স্বাক্ষরে এই পুস্তিকাটি প্রচারিত হয়। ডঃ নজরুল ইসলাম পুলিশের পদস্থ আধিকারিক। তিনি ইচ্ছে করলে লালবাজারে সুরাবর্দির Article ও এই প্রচার পত্রের দুই একখানি কপি অবশ্যই পাবেন। প্রথম দুইদিন মুসলমান ইসলামের ঐতিহ্য অনুযায়ী অভাবনীয় সাফল্যের সঙ্গে হিন্দুমেধ যজ্ঞের অনুষ্ঠান করে। সেই একই ইতিহাস - হত্যা, হিন্দুনারী ধর্ষণ, অপহরণ, লুণ্ঠন ও অগ্নিসংযোগ। কলকাতা দাঙ্গার জন্য সকলেই 'বাঙালী' মুসলমান সুরাবর্দিকেই অভিযুক্ত করেছেন। ইংরেজ ঐতিহাসিক Leonard Moslay লিখেছেন ঃ "হিন্দু-শিখ জনতা যখন প্রতিশোধ নিতে প্রস্তুত হয় তখন তিনি সেনা তলব করেন। (It was when the Hindu and Sikhs had come out in retaliation then the Chief Minister had called for military aid)[2].

মুসলিম লীগের প্রত্যক্ষ সংগ্রামে হতাহত ও ক্ষয়ক্ষতির পরিমাণ সম্বন্ধে বড়লাট লর্ড ওয়াভেল লন্ডনে ভারত সচিবের নিকট নিম্নোক্ত বার্তা পাঠান ঃ

"১৬-১৮ই আগষ্টের মধ্যে কলিকাতার এই সকল দাঙ্গায় ৪৪০০ জন হত, ১৬০০০ আহত এবং একলক্ষ লোক গৃহহীন হয়েছে"[3] **ডঃ নজরুল ইসলাম নিশ্চয়ই গর্বিত। ঐ সকলই তাঁর 'আদিবাসী ভূমিপুত্র' মুসলমান ভাইদের কীর্তি।**

---

* এ দাবি যথার্থ। যুদ্ধ ও নরহত্যার মধ্য দিয়েই ইসলাম ধর্মের অভিযেক। নায়ক স্বয়ং পয়গম্বর মহম্মদ। 'জেহাদের' নামে বিশ্বব্যাপী সেই নরহত্যা আজও চলছে।

ক) ২০০৬ সালের ১১ই সেপ্টেম্বর। ষোড়শ পোপ বাইজাইন্টান সম্রাট দ্বিতীয় এমানুয়েলের বক্তৃতা উদ্ধৃত করে বলেছেন - "আমাকে দেখান হজরত মহম্মদ এমন কি বলেছেন ! দেখবেন, উনি শুধু অমানবিক হিংসার কথা, তলোয়ার দিয়ে ধর্ম প্রচারের কথা বলেছিলেন"। পোপের বিরুদ্ধে ইসলামি জগৎ বিক্ষোভে ফেটে পড়ে। আনন্দবাজার পত্রিকায় সাংবাদিক সীমা সিরোহী "ঐতিহাসিক ভুল" (আঃ বাঃ ২৪-০৯-২০০৬) শীর্ষক নিবন্ধে লিখেছেন ঃ ষোড়শ পোপ বেনেডিক্টের বিতর্কিত বক্তৃতার যে উগ্র প্রতিক্রিয়া দেখা গেল, তাতে কার্যত এটাই প্রমাণ হল যে, পোপের বক্তব্য অসাড় নয়। সোমালিয়াতে এক খ্রীষ্টান সন্ন্যাসিনী এবং তাঁর দেহরক্ষীকে হত্যার ঘটনা ইসলামের ভাবমূর্তি তুলে ধরল। সংক্ষেপে তা এই যে, উগ্র মৌলবাদীরা ধর্মটাকে দখল করে নিয়েছে! " রোম পুড়িয়ে দাও, পোপকে খুন কর জাতীয় উন্মত্ত চিৎকার, প্যালেষ্টাইনে গীর্জায় আক্রমন, খ্রীষ্টান ধর্মাবলম্বীদের বিরুদ্ধে আল কায়দার হুমকি ..... " খটকা লাগে কোথায় দাঁড়িয়ে আছি।

খ) একই অভিমত তসলিমা নাসরিনের - "নিজের সৃষ্ট এই ধর্মকে ক্ষমতা দখল করার অস্ত্র হিসেবে ব্যবহার করেছেন তিনি। নিদ্বির্ধায় মানুষ খুন করে, ভিন্ন গোত্রের লোকদের রক্তে স্নান করে; ভিন্ন ধর্মের মানুষকে নৃশংসভাবে হত্যা করে, ইহুদি এলাকায় নিজের সৈন্য নামিয়ে দিয়ে তাদের সম্পদ লুঠ করে, মেয়েদের ধর্ষণ করে তিনি বিজয় নিশান উড়িয়ে দিলেন। এই ধর্ম কখনও তাঁর আধ্যাত্মিক ব্যাপার ছিল না, ছিল প্রথম থেকে শেষ অবদি রাজনৈতিক। ইহলৌকিক কোন আনন্দ থেকে নিজেকে তিনি বঞ্চিত করেন নি। ... আল্লাহ নাকি তাকে বলেছেন, 'যদি তুমি তোমার কোনও স্ত্রীকে তালাক দাও, তবে আল্লাহ তোমার জন্য আরও সুন্দরী, আরও সহনশীল, আরও পবিত্র, আরও নত, আরও লজ্জাবতী, আরও বিশ্বস্ত কুমারী বা বিধবা মেয়ে দেবেন বিয়ে করার জন্য। নিজের ছেলের বউ জয়নবকে বিয়ে করেও মোহাম্মদ তাঁর অপকর্মকে জায়েজ করেছেন আল্লাহর ওহি নাজেল করে, আল্লাহ নাকি তাঁকে বলেছেন তাঁর ছেলের বউকে বিয়ে করার জন্য ... " (তসলিমা নাসরিন - দ্বিখণ্ডিত, পৃঃ - ৫০)

---

1. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃষ্ঠা - ৪০৪
2. Leonard Moslay - The Last Days of the British Raj, P - 33
3. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃষ্ঠা - ৪০৫

নোয়াখালি -

১৬ই আগষ্ট কলকাতায় হিন্দু মেধ যজ্ঞে মুসলমান পরিপূর্ণ তৃপ্তি লাভ করতে পারেনি। দাঙ্গার তৃতীয় দিনে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জ্জীর নেতৃত্বে হিন্দু শিখ জনতা গড়ে তোলে প্রতিরোধ ও পাল্টা আক্রমণ। সফল হয় না ইসলামিক জেহাদের উদ্দেশ্য। ক্রুদ্ধ মুসলমান কাফের হিন্দুকে চরম শিক্ষা দিতে বেছে নেয় রাজধানী কলকাতা হতে বহুদূরে নদী খাল ঘেরা পূর্ববাংলার নোয়াখালি জেলা। লোক সংখ্যার ৮২ শতাংশ মুসলমান, হিন্দু মাত্র ১৪ শতাংশ। প্রাদেশিক মুসলিম লীগের তদানীন্তন সম্পাদক আবুল হাশিম লিখছেন, ২৯ শে আগষ্ট নোয়াখালি জেলায় হঠাৎ আকস্মিক উত্তেজনার সৃষ্টি হল। মৌলানা গোলাম সারওয়ারের নেতৃত্বে ৭ই সেপ্টেম্বর নোয়াখালির মৌলভীদের সভায়* ঘোষণা করা হয় যে, কলকাতা হত্যাকান্ডের প্রতিশোধ নেওয়ার জন্য মুসলমানদের যথাযথ ব্যবস্থা অবলম্বন করতে হবে। নোয়াখালি এবং কুমিল্লার সর্বত্র দাঙ্গা ছড়িয়ে পড়ল। এবং সময়োচিত ব্যবস্থা গ্রহণ না করলে পূর্ব বঙ্গের সমস্ত জেলাব্যাপী দাঙ্গা ছড়িয়ে পড়ত। সুরাবর্দি আইনশৃঙ্খলা বজায় রাখার আপ্রাণ প্রচেষ্টা করেছিলেন। সুরাবর্দি এই আপ্রাণ প্রচেষ্টার রকমটা কি রকম তা সুচেতা কৃপালনি (কংগ্রেস সভাপতি আচার্য্য জে.বি.কৃপালনীর স্ত্রী - একসময় উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীও হয়েছিলেন) তাঁর আত্মজীবনীতে লিখে গেছেন। মোল্লাদের সভার সিদ্ধান্ত অনুযায়ী - হিন্দুদের পলায়নের পথ বন্ধ করতে রাস্তা কেটে দেওয়া হয়, উপড়ে ফেলা হয় রেললাইন। নৌকা, লঞ্চ ও স্টীমার দিয়ে অবরোধ করা হয় জলপথ। অতঃপর ১০ই অক্টোবর কোজাগরী লক্ষ্মী পূজার দিন স্থানীয় বিধান সভার সদস্যের নেতৃত্বে ২৫০ মাঃ ব্যাপী বিস্তৃত অঞ্চলে শুরু হয় - ব্যাপকভাবে হত্যা, লুণ্ঠন, গৃহদাহ, শতশত হিন্দুনারী অপহরণ, ধর্ষণ ও চরম লাঞ্ছনা ও নির্যাতন সহ মুসলমানের ঘরে আটক রাখা, বলপূর্বক ইসলামে ধর্মান্তর প্রভৃতি। বিনকাশিম থেকে আহম্মদ শা আবদালি পর্যন্ত ইসলামের হানাদার বাহিনীর বীরশ্রেষ্ঠ সেনাপতিরা ঠিক যেমনটি করেছেন। **ডঃ সাহেব যদি এ কাহিনী না জেনে থাকেন** -

---

গ) মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথিতযশা সাংবাদিক, টি.ভি. সঞ্চালক Brigitte Gabriel সাত বৎসর কাটিয়েছেন লেবাননে ;ভ্রমন করেছেন বহু দেশ, ইসলাম সম্বন্ধে রয়েছে তাঁর প্রত্যক্ষ ও প্রগাঢ় অভিজ্ঞতা Mrs. Gabriel অষ্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী, মার্কিন কংগ্রেস, এফ.বি.আই. ব্রিটিশ পার্লামেন্ট কর্ত্তৃক আমন্ত্রিত হয়ে ইসলামি জেহাদ সম্বন্ধে তাত্বিক বিশ্লেষণ করেছেন। তিনি বলেন - মহম্মদ স্বয়ং কাফেরদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেন, সেই হল প্রথম জেহাদ। বিশ্বব্যাপী স্বাধীনতা প্রিয় মানুষের বিরুদ্ধে সেই জেহাদই নতুনভাবে আরণ্যক হিংস্রতার সঙ্গে সংঘটিত হচ্ছে। The initial Islamic war Mohammed declared on the infidels - the original Islamic war - has reemerged and is ramping up its attack on freedom loving people. - B. Gabriel - They must be stopped, P-2

* লক্ষ্যণীয় - কোন রাজনৈতিক দল বা সমাজ বিরোধীদের সভা নয়। হিন্দু হত্যার এই শপথ নেওয়া হয় মোল্লা বা মৌলভীদের সভায়। যাঁরা ইসলাম ধর্মের স্বীকৃত প্রবক্তা - মুসলমানের প্রণম্য - মসজিদে নমাজ পড়ায়। ইহাই তো স্বাভাবিক। কারণ ইসলামের মূল বাণী হল - বিধর্মী সংহার। Either Islam or Death.

- তবে ইতিহাস পড়ে জেনে নেবেন। প্রশ্ন - ১ যে দলিত মুসলিম ঐক্যের শ্লোগান দিয়ে বাংলা ও ভারতে পুনরায় 'পাকিস্তান' গড়ার চক্রান্ত তিনি করছেন - হিন্দু নিধন যজ্ঞ থেকে সেই নিম্নবর্ণের হিন্দুদের কি সযত্নে রক্ষা করা হয়েছিল ? প্রশ্ন - ২ তিনি লিখেছেন 'আমরা শুদ্ররা বা শূদ্রদের থেকে ধর্মান্তরিত" - ডঃ সাহেব খাঁটি মুসলমান। যখন হাইস্কুলের ছাত্র - তখন তিনি মসজিদে ইমামতি করেছেন। তাঁর তো জানা উচিৎ, ইসলামের বাণীই হল - Either Islam or Death. হয় ইসলাম গ্রহণ নতুবা শির দাও। এ ছাড়াও ছিল শত প্রকারের বিধি ব্যবস্থা (জিজিয়া কর অন্যতম) যাতে হিন্দুরা মুসলমান হতে বাধ্য হয়, হিন্দুস্তানে হিন্দুকে এই ভাবেই ইসলামে ধর্মান্তরিত করা হয়। ভারতে ইসলামী শাসনের (মোগল সাম্রাজ্য) পতনের পর থেকে বিচ্ছিন্ন ঘটনা বাদ দিলে আজ পর্যন্ত কোন হিন্দু ধর্মান্তরিত হয় নি। অবশ্য পাকিস্তান ও বাংলাদেশে ইসলামের রীতি মেনে যথারীতি হিন্দুদের ধর্মান্তরিত করা হয়েছে - এবং এখনও চলছে। হিন্দুস্থানে ৬-এর দশকের শেষ দিকে দঃ ভারতের মীনাক্ষীপুরমে ১৬০ জন হিন্দুকে ভীতিপ্রদর্শন ও প্রলোভন দেখিয়ে 'মুসলমান' করা হয়েছিল। পরে শুদ্ধি যজ্ঞের* মাধ্যমে তাঁদের আবার স্বধর্মে ফিরিয়ে আনা হয়।

---

* ধর্মান্তরিত মুসলমানদের যে বিশেষ ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে পুনরায় হিন্দু ধর্মে ফিরিয়ে আনা হয় - তাকেই বলা হয় শুদ্ধি যজ্ঞ। এই শুদ্ধি যজ্ঞের প্রবর্তন করেন আর্যসমাজের প্রতিষ্ঠাতা মহর্ষি দয়ানন্দ সরস্বতী। স্বাধীনতা সংগ্রামী স্বামী শ্রদ্ধানন্দ ছিলেন শুদ্ধি যজ্ঞের প্রচারক। মুসলমানরা তাঁর বিরোধী ছিলেন। বিরোধী গান্ধীও। আব্দুল রসিদ নামক জনৈক মুসলিম যুবক অসুস্থ শয্যাশায়ী স্বামী শ্রদ্ধানন্দকে গুলি করে হত্যা করে। নিন্দা করে না গান্ধী। তিনি বলেন 'রসিদ আমার ভাই'।

Mrs. Gabriel লিখেছেন - প্রায় ১৪০০ বছর ধরে ইসলামিক জেহাদে ২৭ কোটি মানুষ নিহত হয়। আফ্রিকান ১২ কোটি, খ্রীষ্টান ৬ কোটি, হিন্দু ৮ কোটি, বৌদ্ধ ১ কোটি। (By 1905 the west had liberated its' territory previously conquered and savaged by Islam and declared an economic and military victory, thus marking the end of 1400 years of Islamic rule and Jihad. During this period, Muslims had killed 270 million people across the globe; 120 million Africans, 60 million Christians, 80 million Hindus, 10 million Buddhists.) - Brigitte Gabriel - They Must Be Stopped, P - 36.

"প্রবুদ্ধ -ভারত" পত্রিকায় স্বামীজীর এক সাক্ষাৎকার থেকে জানা যায় - "যখন মুসলমানরা প্রথম এদেশে আসিয়াছিলেন, তখন প্রবীণ মুসলমান ঐতিহাসিক ফেরিস্তার মতে ভারতে ৬০ কোটি হিন্দু ছিল, এখন আমরা ২০ কোটিতে পরিণত হয়েছি। (When the Mahammedans first came, we are said -I think on the authority of Ferista, the oldest Mohammedan historian to have been six hundred millions Hindus. Now we are about two hundred millions - The complete works of Swami Vivekananda, Vol -5, P - 233

এদেশে অর্দ্ধ শিক্ষিত বুদ্ধি জীবীদের সংখ্যাই বেশী। তাঁদের উদ্দেশ্য মূলক প্রচারে বিভ্রান্ত হয়ে অনেক নির্বোধ হিন্দু এই রকম বিশ্বাস করেন যে, বাঙালী মুসলমান ভাল (যেন শুধু অবাঙালী মুসলমানই যত অশান্তির কারণ)। যেমন ডঃ ইসলাম লিখেছেন, বাংলায় হিন্দু-মুসলমান পাশাপাশি বাস করে। তাঁদের এক ভাষা এক সংস্কৃতি। যদিও এই সকল ব্যক্তিরা জানেন যে, মুসলমান কখনও নিজেকে বাঙালী, বিহারী বা মারাঠী বলে পরিচয় দেয় না। "মুসলমান" - এই তার একমাত্র পরিচয়। ভারতে প্রায় হাজার বছর ধরে বিনকাশিম, মামুদ, বাবর, আওরঙ্গজেব, তৈমুর, নাদির, আবদালি (সকলেই ইসলামের মহান বীর বলে মুসলমানের প্রণম্য) যে অত্যাচার করেছে; কলকাতা - নোয়াখালির বাঙালী (?) মুসলমানও বাঙালী হিন্দুর (ব্রাহ্মণ - শুদ্র নির্বিশেষে) ওপর সেই একই নারকীয় অত্যাচার করেছে। পার্থক্য শুধু ব্যাপকতায়, প্রকৃতিতে নয়। এটাই তো স্বাভাবিক। উভয়ের মূল প্রেরণা তো পবিত্র ইসলাম ধর্ম।

সব কিছুরই তো একটা উদ্দেশ্য থাকে। সুচেতা কৃপালিনী তাঁর মর্মান্তিক অভিজ্ঞতা থেকে আত্মজীবনীতে লিখেছেন "নোয়া খালি ও কুমিল্লায় হাঙ্গামা সৃষ্টিকারীদের উদ্দেশ্য ছিল হিন্দুদের মর‍্যাল এক্সটারমিনেশন। তাই নোয়াখালি ও ত্রিপুরায় নরহত্যা তত হয়নি যত হয়েছে ধর্ম ও সংস্কৃতি নাশের চেষ্টা। গ্রামের পর গ্রামে হিন্দুদের ধর্ম নাশ করার চেষ্টা হয়েছে, বোরখা পড়ানো হয়েছে, গরুর মাংস খেতে, লুঙ্গি পড়তে, নূর রাখতে বাধ্য করা হয়েছে, হিন্দুমেয়েদের জোর করে মুসলিম ছেলের সঙ্গে বিয়ে দেওয়া হয়েছে এবং অনেক ক্ষেত্রে ব্যাপকভাবে হিন্দু মেয়েদের মুসলিম বাড়িতে রাত্রি যাপনে বাধ্য করা হয়েছে।[1] নোয়াখালি-কুমিল্লায় মুসলমানের (বাঙালী?) পাশব বর্বরতা বিশ্লেষণ করে ঐতিহাসিক রমেশ চন্দ্র মজুমদার লিখেছেন - "নোয়াখালির ঘটনায় একটি বিষয় অত্যন্ত পরিষ্কার হইয়া উঠিয়াছে। বাঙালী মুসলমানদের শতকরা ৯০ জন ধর্মান্তরিত মুসলমান - ইহা স্বীকার করিলেও দেখা যাইতেছে, হিন্দু-বিদ্বেষ, তাহাদের অধিকাংশের মধ্যে প্রবলভাবে সংক্রামিত হইয়াছে। মুসলমান সমাজে এখন যাহারা প্রতিপত্তি লাভ করিয়াছে তাহাদের মধ্যে দুইটি জিনিষ সবচেয়ে বেশী লক্ষ্যণীয়; প্রথম পরধর্মের প্রতি তাহাদের গভীর বিদ্বেষ, দ্বিতীয়, ভিন্ন ধর্মের অপহৃতা নারীকে গৃহে আনয়ন করার আগ্রহ ....। মুসলমানেরা এদেশে আসিবার পর হইতেই হিন্দুর দেবমন্দির ও বিগ্রহের উপর আক্রমণ আরম্ভ হয়। নোয়াখালির উপদ্রুত অঞ্চলের সমস্ত হিন্দু অধিবাসীকে মুসলমান ধর্মে দীক্ষিত করিবার চেষ্টা হইয়াছে এবং বহু বিশিষ্ট মুসলমানও হিন্দুনারী অপহরণে সহায়তা করিয়াছে, নরহত্যা, লুণ্ঠন, গৃহদাহ প্রভৃতি অপেক্ষা এই দুই ঘটনাকেই

1. সাংবাদিক শংকর ঘোষ - (হস্তান্তর) ৯ম পর্ব, সাপ্তাহিক দেশ, ০৭-০৩-৯৮

আমরা অনেক গুরুত্বপূর্ণ বলিয়া মনে করি। পূর্ববর্ণিত ইতিহাস মনে রাখিলে ইহার তাৎপর্য হৃদয়ঙ্গম করাও কঠিন হইবে না।"[1]

ডঃ নজরুল ইসলাম বলেছেন - "আর ৭০০ বছর ধরে যে মুসলমানরা দেশ শাসন করেছেন, আমরা তাঁদের বংশধর নই।" পৃঃ ৬৩। তবে ধর্মান্তরিত মুসলমানের এরূপ হিন্দু বিরোধী জেহাদের রহস্য কি? বিশ্লেষণ করেছেন ভারতীয় বংশোদ্ভুত ত্রিনিদাদ নাগরিক নোবেলজয়ী স্বনামধম্য ভি.এস. নাইপল। তিনি বলেন ঃ উৎস বিচারে ইসলাম একটি আরব ধর্ম, যে মুসলমান আরব নন সে ধর্মান্তরিত। ইসলাম ব্যক্তিগত বিশ্বাস বা বিবেকের বিষয় নয়। সার্বভৌম সম্রাটের ন্যায় সে দাবি করে সর্বস্ব। পরিবর্তিত হয় বিশ্ব সম্বন্ধে ধর্মান্তরিতের দৃষ্টিভঙ্গি। তার পূন্যতীর্থ স্থান সমূহ আরবে; আরবী তার দেব (পবিত্র) ভাষা। পরিবর্তিত হয় তাঁর ঐতিহাসিক ধ্যান ধারণা। নিজস্ব সত্ত্বা বিসর্জন দিয়ে ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক সে আরবীয় কাহিনীর অংশ বিশেষে পরিণত হয়*। নিজের বলতে যা কিছু বোঝায় তার থেকে তাকে মুখ ঘুরিয়ে নিতে হয়। সমাজে সৃষ্ট হয় প্রচন্ড বিক্ষোভ আলোড়নের; সহস্র বৎসরেও যার সমাধান না হতে পারে। তারা কে, কি তাদের পরিচয় এ সম্বন্ধে তারা রচনা করে উদ্ভট কল্পকাহিনী। ধর্মান্তরিত দেশগুলিতে ইসলামের মধ্যে দেখা দেয় স্নায়ুরোগ জাত অবিশ্বাস ও সব কিছু ধ্বংস করার এক কঠিন সংকল্প। (যেন তপ্ত কটাহের উপর স্থাপিত) এই সকল দেশে সহজেই ঘটানো যায় বিস্ফোরণ।" (Islam in its origin an Arab religion. Everyone not an Arab who is a Muslim is a convert. Islam is not simply a matter of conscience or private belief. It makes imperial demands. A convert's world view alters. His holy places are in Arab Lands; his sacred language is Arabic. His idea of history alters. He rejects his own ; he becomes whether he likes it or not a part of the Arab story. The convert has to turn away from everything that is his. The disturbances for societies is immense and even after a thousand years can remain unresolved. People develop fantasies about who and what they are, and in the Islam of

* আরবের সাথে যে কোন ভাবে যুক্ত হতে পারা ধর্মান্তরিত মুসলমান কৌলিন্যের পরিচায়ক বলে মনে করে। পাকিস্তানি ঐতিহাসিক কে. কে. আজিজ কৌতুহলোদ্দীপক দৃষ্টান্ত দিয়ে বিষয়টির আলোচনায় বলেন ঃ ভারত ও পাকিস্তানের মুসলমানের সমাজ বিদ্যার ইতিহাস পর্যালোচনা করলে

1. রমেশচন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃষ্ঠা - ৪৩১, ৪৩২

converted countries there is an element of neurosis and nihilism. These countries can be easily set on boil[1]. **ইসলামের অপার মহিমায় তাঁর পূর্বের ধর্ম জাতি ও দেশের বিরুদ্ধে সৃষ্ট হয় অন্ধ বিদ্বেষ ও তীব্র ক্ষোভ। মত্ত হয় সে ধ্বংসের তান্ডব নর্তনে। কালা পাহাড় ও আলাউদ্দিন খলজির সেনাপতি মালিক কাফুর এর দৃষ্টান্ত।**

নোয়াখালিতে হিন্দু হত্যা সম্বন্ধে নেহেরু মন্ত্রীসভার দুইজন মুসলীম লীগ সদস্য বলেন ঃ সমগ্র ভারত ব্যাপী পাকিস্তান দাবি আদায়ের জন্য যে সংগ্রাম চলছে পূর্ব বাংলার ঘটনা তারই অংশ মাত্র। (.... that the events in East Bengal were but part of the All India battle for Pakistan).[2] *

---

* ডঃ সাহেব বলেন - "বাংলাকে মুসলমানরা ভাগ করেন নি" ঃ পৃষ্ঠা - ৬১। কিন্তু তাঁরা ভারত ভাগ করেছেন। কোনটি বড় পাপ? বঙ্গবিভাগ অথবা ভারতবিভাগ?

দেখা যায়, প্রত্যেক মুসলমান তার আত্মজীবনী, আত্ম পরিচিতি স্মৃতিকথায় দাবি করে যে তাঁর পূর্বপুরুষ ইয়েমেন, হিজাজ, ইরান, গজনী অথবা মধ্য এশিয়ার কোন (মুসলিম) দেশ থেকে একদা ভারতে এসেছিল। অর্থাৎ সে প্রকৃত পক্ষে আরব বংশোদ্ভুত। অধিকাংশ ক্ষেত্রেই এ দাবি অসত্য। কারণ বিরাট সংখ্যক হিন্দু ধর্মান্তরিত হয়েছে। মুসলমানের মিথ্যা দাবি এই ঐতিহাসিক সত্যকে অস্বীকার করে। এই সকল ভন্ড মুসলমান এদেশেরই ভূমিপুত্র, শতশত বৎসর এই দেশে বাস করেছে; এবং সম্ভবত (তাঁহাদের পূর্বপুরুষ) স্মরণাতীত কাল থেকে এই দেশেরই অধিবাসী। এই ঘোষণার দ্বারা অতীতের সকল যোগসূত্র সে ছিন্ন করতে চায়। (Here I may add an interesting footnote to the sociological history of modern Muslim in India and Pakistan. Almost every Muslim of any importance claimed (and still claims today) in his autobiography, reminiscences, memoirs, journal and biodata that his ancestors had come from Yemen, Hijaj, Central Asia, Iran, Ghazni or some other foreign territory. In most cases this is a false claim for its arithmetic reduces the hordes of local converts to an insignificant number .... It is also a declaration of disaffiliation from the soil on which these shammers have lived for centuries and to which, in all probability, they have belonged since history began. K.K. Aziz - The Murder of History, P - 98

---

1. V.S. Naipaul - Beyond Belief (Prolouge)
2. R.C. Majumder - History of the freedom Movement in India, Vol - III, P - 649

১৯৪৫ সালের শেষ দিকে কেন্দ্রীয় আইন সভার নির্বাচন হয়। মুসলিম লীগের নির্বাচনী ইস্তাহারে প্রধান ইস্যু ছিল স্বতন্ত্র রাষ্ট্র বা পাকিস্তান। ডিসেম্বরের শেষ দিকে ফল প্রকাশিত হয়। সকল মুসলমান মুসলিম লীগকে সমর্থন করে। মুসলমানের জন্য নির্দ্ধারিত সকল আসনে লীগ প্রার্থীরা ৮৬.৬ শতাংশ ভোট পেয়ে বিজয়ী হয়। ঐ সকল আসনে কংগ্রেসের জাতীয়তাবাদী (?) মুসলমান প্রার্থীদের জামানত বাজেয়াপ্ত হয়। **এর থেকে একটি জিনিষ পরিষ্কার। ভারত ভাগ করেও আজ ভারতে যে ২০ কোটি মুসলমান, তাঁদের পূর্ব পুরুষরা সকলেই পাকিস্তানের জন্য মুসলিম লীগকে ভোট দেয়। সংরক্ষণ ও অন্যান্য সুযোগ-সুবিধার প্রশ্নই আসে না। তাঁদের ভারতে বাস করার কোন নৈতিক ও ন্যায়সঙ্গত অধিকার নেই।**

দুরাত্মা ভ্রষ্ট চরিত্র গান্ধী ছিল যুগপৎ মক্কা ও ব্রিটিশ সাম্রাজ্যের এ্যাজেন্ট। তাঁর অনুগত ক্ষমতালোভী নেহেরু ছিল খল নায়ক। এদের নেতৃত্বাধীন কংগ্রেস দল কখনই লীগের পাকিস্তান দাবির বিরুদ্ধে হিন্দু জাতিকে সতর্ক ও সংগঠিত করে নি বরং বিভ্রান্ত করেছে। ভারত বিভাগ অনিবার্য হয়ে ওঠে, সর্দার বল্লভ ভাই প্যাটেল বলেন - " আমরা স্বীকার করি বা না করি, ভারতবর্ষে দুটি জাতি *। হিন্দু ও মুসলমান। উভয়কে নিয়ে কখনও ঐক্যবদ্ধ জাতি গঠন করা যায় না। এই বাস্তব সত্যের স্বীকৃতি না দিয়ে গত্যন্তর নেই। (Whether we liked it or not there were two nations in India. He was now convinced that Muslims and Hindus could not be united into one nation. There was no alternative except to recognise this fact).[1]

ভারত বিভাগ নাটকের অন্তিম পর্ব। এই রকম প্রচার করা হয় যে গান্ধী ছিলেন দেশ বিভাগের ঘোরতর বিরোধী। আজাদকে তিনি বলেছিলেন "কংগ্রেস যদি দেশ বিভাগ মেনে নিতে চায় - তবে তা হবে আমার মৃতদেহের উপর দিয়ে। জীবন থাকতে আমি দেশ বিভাগে সম্মত হব না এবং কংগ্রেসকেও এই প্রস্তাব গ্রহণ করতে দেব না।

---

* জাতি (Nation) ও সম্প্রদায় (Community) সমার্থক নয়। কয়েকটি সম্প্রদায় নিয়ে একটি জাতি গঠিত হয়। সম্প্রদায় হল অংশ (Part) ; জাতি হল পূর্ণ (Whole) দ্বিজাতি (Two Nation) তত্ত্বের (দ্বি-সম্প্রদায় বা Two community নয়) ভিত্তিতেই মুসলমানের দাবি মেনে ভারতভাগ হয়। এখন তবে সম্প্রদায় বলা হয় কেন ? কেন বলা হয় হিন্দু - মুসলমান সকল সম্প্রদায়কে নিয়েই এই ভারত। দেশভাগ করার পর মুসলমানের খন্ডিত ভারতে বাস করার কোন বৈধ অধিকার থাকতে পারে না। মুসলমানের অনধিকারকে বৈধতা দানের উদ্দেশ্যেই "ধর্মনিরপেক্ষতার" নামে এই বাক্‌চাতুরী।

---

1. Maulana Abul Kalam Azad - India wins Freedom, P - 201

(If the Congress wishes to accept partition it will be over my dead body. So long as I am alive, I will never agree to the partition of India. Nor will I, If I can help it allow Congress to accept it)[1]. সেই গান্ধীই ১৯৪৭ সালের ১৫ই জুন দিল্লীতে এ.আই.সি.সি. -র অধিবেশনে কংগ্রেস ওয়ার্কিং কমিটি কর্ত্তৃক গৃহীত দেশ বিভাগ প্রস্তাবের সমর্থনে ৪০ মিনিট বক্তব্য রাখেন। তিনি বলেন, "ভারত বিভাগের বিরোধী হয়েও আজ তিনি এ.আই.সি.সি'র অধিবেশনে এসেছেন ভারত বিভাগ প্রস্তাব গ্রহণের অনুরোধ নিয়ে। অপ্রীতিকর সিদ্ধান্ত কখনও কখনও গ্রহণ করতে হয়। (He advised the house to accept the resolution ..... he was one of those who had steadfastly opposed the division of India. Yet he had come before the A.I.C.C. to urge the acceptance of the resolution on India's division. Sometimes, certain decisions, however unpalatable they might be had to be taken)[2]. দেশ বিভাগের প্রস্তাব ১৫৭-২৯ ভোটে গৃহীত হয়। একমাত্র যোগ্য নেতৃত্বে হিন্দুজাতীর সঙ্ঘবদ্ধ শক্তিশালী প্রতিরোধ আন্দোলনের দ্বারাই ভারত বিভাগ রদ করা সম্ভব ছিল। তবে দেশ বিভাগের জন্য শুধু কংগ্রেস নয় - কম্যুনিষ্টরাও সমভাবে দায়ী। পাকিস্তান দাবির প্রতি তাদের ছিল তাত্ত্বিক ও প্রত্যক্ষ সমর্থন। তাদের পরিকল্পনা ছিল ভারতকে বহু ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাষ্ট্রে বিভক্ত (Balkanisation) করা। ১৯৪০ সালে হীরেণ মুখার্জ্জী* ও K.M. Asraf - এর নেতৃত্বে এস.এফ.আই.- এর সম্মেলন থেকে ঘোষণা করা হয় ঃ আগামী দিনে ভারত হবে পারস্পরিক আস্থার ভিত্তিতে (অর্থাৎ কোন অঙ্গরাজ্য ভারত যুক্তরাষ্ট্রে যোগদান না করে স্বাধীন সত্ত্বা অক্ষুন্ন রাখতে পারে) স্বেচ্ছায় যোগদানে আগ্রহী অঙ্গরাজ্যগুলি নিয়ে গঠিত একটি যুক্তরাষ্ট্র।

---

* এই দেশপ্রেমিক (?) হীরেন মুখার্জ্জীকে কংগ্রেস সরকার রাষ্ট্রীয় সম্মান পদ্মশ্রী প্রদান করে।

1. R. C. Majumder - History of the freedom Movement in India, Vol - III, P - 660

2. Ibid, P -671

মুসলমানের ন্যায় কম্যুনিষ্টরা কোনদিন দেশের মুক্তি সংগ্রামে অংশ নেয়নি। তারা প্রকাশ্যে ও গোপনে ইংরেজদের সঙ্গে করেছে সহযোগিতা। মুসলমানের ন্যায় কম্যুনিষ্টরাও হিন্দু ও ভারতবিরোধী। আমাদের গৌরবময় সুপ্রাচীন সভ্যতার উত্তরাধিকারে আমরা সকলেই গর্বিত। কিন্তু মুসলমানের ন্যায় মার্কসবাদীরাও এই সভ্যতার প্রতি সমভাবে বিদ্বিষ্ট। কোন কম্যুনিষ্ট লেখকের লেখায় ভারতীয় সভ্যতা

সুতরাং "এক অখন্ড জাতি নয় - ভারত হল বহু জাতিক একটি দেশ," এ তত্ত্ব কম্যুনিষ্টরা প্রচার করে। এই প্রচারের আর একটি উদ্দেশ্য ছিল মুসলমানের পাকিস্তান দাবির স্বীকৃতি* । (The Conference of the Communist students in Dec, 1940, led by Hiren Mukherjee and K.M, Ashraf .... passed a resolution declaring " that the future India should be a voluntary federation of regional states based on mutual confidence". Thus instead of a single nation comprising the people of India as a whole, the Communist upheld the ideal of India as a multinational state. This resolution was a clear bid to enlist the support of the Muslims by conceding the claim of Pakistan).[1]

পাকিস্তান রাষ্ট্র গঠনের জন্য কম্যুনিষ্টরা মুসলমানদের সঙ্গে একযোগে আন্দোলন করেছে। ১৯৪২ সালে গান্ধী ভারত ছাড়ো আন্দোলনের ডাক দেন। কম্যুনিষ্টরা শ্লোগান দিল, "আগে দেশ ভাগ হবে, তারপর দেশ স্বাধীন হবে;" Divide and quit. পার্টির ইস্তাহারে তারা সগর্বে ঘোষণা করে - "একমাত্র কম্যুনিষ্ট পার্টি মুসলমানের

***ইসলাম ও মার্কসবাদ।** প্রথমটি একটি বিশেষ ধর্মীয় মতবাদ - দ্বিতীয়টি পুরোপুরি বস্তুবাদী রাজনৈতিক দর্শন; ধর্ম ও ঈশ্বর ভাবনার ঘোরতর বিরোধী এবং যথার্থই সেক্যুলার। এই আপাত বৈপরীত্য সত্ত্বেও উভয়ের মধ্যে রয়েছে বিস্ময়কর সাদৃশ্য; তত্ত্ব ও প্রয়োগে। ইসলাম পৃথিবীতে একমাত্র সত্য ধর্ম। বেহেস্তে যাবার জন্য মর্ত মানুষের একমাত্র অবলম্বন। মার্কসবাদ অভ্রান্ত বৈজ্ঞানিক সত্য - শোষিত জনতার শোষণ মুক্তি ও ঐহিক সুখ-সমৃদ্ধি র একমাত্র পথ। উভয়েরই ঘোষিত লক্ষ্য সাম্য - স্বাধীনতা - বিশ্বভ্রাতৃত্ব।

1. R. C. Majumder - History of the Freedom Movement in India, Vol - III, P - 567

সম্বন্ধে নিন্দা ব্যতীত পাওয়া যাবে না কোন সপ্রশংস মন্তব্য। ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত নেহেরু ছিলেন খাঁটি কম্যুনিষ্ট। কেন্দ্রীয় সরকার ও কংগ্রেস দলে কম্যুনিষ্টদের ছিল নিরঙ্কুশ প্রাধান্য। তাই সোভিয়েত রাশিয়া ও চীনসহ সকল কম্যুনিষ্ট দেশে কম্যুনিষ্টরা যে নৃশংস অত্যাচার ও গণহত্যা (Genocide) করেছে; কংগ্রেস সরকার বা দল কখনও তার নিন্দা করেনি। কম্যুনিষ্ট নেহেরু মার্কসবাদী ঐতিহাসিক ইরফান হাবিবকে ভারতীয় ইতিহাস গবেষণা পরিষদের (ICHR) সভাপতি নিযুক্ত করেন। এই পরিষদ স্কুল-কলেজের জন্য ইতিহাস পাঠক্রমের নীতি নির্দ্ধারণ করে। দুটি বিষয়ের ওপর বিশেষভাবে লক্ষ্য রাখা হয়। নবীন প্রজন্ম যেন প্রাচীন ভারতীয় সভ্যতা ও তমসাচ্ছন্ন মধ্যযুগে ইসলামিক বর্বরতা সম্বন্ধে অজ্ঞ থাকে। তাই যে ইতিহাস বর্তমানে স্কুল কলেজে পড়ানো হয় তা অসত্য ও বিকৃত।

পাকিস্তান দাবিকে সঙ্গত বলে মনে করে; দাবী আদায়ের জন্য কংগ্রেস - কম্যুনিষ্ট-মুসলিম লীগের ঐক্যবদ্ধ আন্দোলনের আহ্বান জানায়।" (The Communist party is the only party that recognises Muslim's demand for pakistan as just and calls the league to achieve the fundamental goal of Pakistan through united struggle of the Congress, Muslim league and the Communists.).[1]

কম্যুনিষ্টরা ভারতবিরোধী মুসলমান জাতির একনিষ্ঠ সমর্থক*।

মুসলমানের ধর্ম ও ইতিহাস মুসলমানকে একটি স্বতন্ত্র জাতিরূপে তৈরী করেছে। উচ্চ-নীচ, শিক্ষিত-অশিক্ষিত নির্বিশেষে সকল মুসলমান প্রকাশ্যে দাবি করে যে, তারা মুসলমান - ভারতীয় নয়। মুসলমান যখন বলে, "আমি ভারতীয় মুসলমান" তখন এর দ্বারা সে তার বাসভূমির ভৌগোলিক অবস্থানকে বুঝায় - ভারতীয় জাতিসত্ত্বাকে নয়। মুসলমান যদি ভারতীয় হত তবে তাঁরা ভারত ভাগ করত না।

---

* ভারতের সঙ্গে পাকিস্তানের তিনটি যুদ্ধ হয়েছে। কম্যুনিষ্টরা সর্বদা পাকিস্তানকে সমর্থন করে। কম্যুনিষ্টরা কখনও মুসলিম দেশের বিরুদ্ধাচারণ করে না। পাক জেহাদী হামলায় ভারত রক্তাক্ত। কম্যুনিষ্টরা শুধু নীরব নির্বিকার নয় - তারা জেহাদীদের সমর্থন করে।

1. Bhawani Sen - Muktir Pathe Bangla ,
Secy. CPI Bengal Committee
Published by Kanai Roy, on behalf of the CPI-Bengal Committee.

ইসলাম পৃথিবীকে দুইভাগে ভাগ করে দার-উল-ইসলাম (মুসলিম শাসিত দেশ - adode of peace) ও দার-উল-হারব (অমুসলমান শাসিত দেশ - adode of war). মার্কসবাদও পৃথিবীকে কম্যুনিষ্ট ও অকম্যুনিষ্ট (ধনবাদী বুর্জোয়া) এই দুইভাগে ভাগ করে। ইসলামের লক্ষ্য বিধর্মীদের নির্মূল করে বিশ্বব্যাপী দার-উল-ইসলামের প্রতিষ্ঠা। মার্কসবাদের লক্ষ্য হল শ্রেণীশত্রুদের (অ-কম্যুনিষ্ট) খতম করে কম্যুনিজমের প্রতিষ্ঠা। উদ্দেশ্য সাধনে ইসলাম গ্রহণ করেছে জেহাদ বা ধর্মযুদ্ধের (Holy war) পথ আর মার্কসবাদের পথ হল শ্রেণী সংগ্রাম (Class Struggle)।

বঙ্গবিভাগ

ডঃ নজরুল ইসলামের গবেষণালব্ধ সিদ্ধান্ত - "বাংলাকে মুসলমানরা ভাগ করেন নি। শুদ্ররাও ভাগ করেন নি .... ভাগ করেছেন ব্রাহ্মণ-বৈদ্য-কায়স্থ নেতারা" - পৃষ্ঠা - ৬১

ইতিহাস কি বলে? সাধারণভাবে ভারত বিভাগ সংক্রান্ত চুক্তি সম্বন্ধে কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে মতৈক্য হওয়ার পর বাংলার ভবিষ্যৎ নিয়ে নতুন সমস্যার সৃষ্টি হয়। জিন্না প্রথম থেকেই বাংলাকে পাকিস্তানের অর্ন্তভুক্ত করার দাবি জানিয়েছিলেন। ক্যাবিনেট মিশন আসার পর মুসলিম লীগ পুনরায় এই দাবি উত্থাপন করলে - হিন্দুদের মধ্যে দেখা দেয় তীব্র প্রতিক্রিয়া। বিগত সাতশ বৎসরের ইতিহাস বাংলার হিন্দুরা বিস্মিত হয় নাই। বিস্মৃত হয় নাই মাত্র এক বৎসর পূর্বে সুরাবর্দির মুসলিম লীগ সরকারের প্রত্যক্ষ সমর্থন ও সহযোগিতায় Direct Action ; প্রথমে কলকাতা, পরে নোয়াখালিতে ব্যাপক হিন্দু নিধনের ভয়ংকর স্মৃতি। " কোলকাতা হাইকোর্ট-এর ৫০ জন ব্যারিষ্টার বঙ্গ বিভাগের দাবি জানাইয়া এবং উহার সমর্থনে যুক্তি প্রদর্শন করিয়া একটি বিবৃতি প্রকাশ করেন। তাহাদের প্রধান যুক্তি দুটি। প্রথমত তাঁহারা বলেন, পাকিস্তানে আমাদের বিশ্বাস নাই। আমরা এক দাসত্বের বিনিময়ে অন্য দাসত্ব চাই না। দ্বিতীয়ত, পশ্চি মবঙ্গে একটি শক্তিশালী পৃথক রাষ্ট্র গঠিত হইলে পূর্ববঙ্গের হিন্দুদের রক্ষার কার্যকরী ব্যবস্থা হইবে।" [1] ধন্য আশা কুহকিনী ! বাংলাদেশে ইসলামিক রীতি অনুযায়ী নিরন্তর চলছে হিন্দু নির্যাতন ও হত্যা। কিন্তু সে সংবাদটুকুও এদেশের সেক্যুলার সংবাদমাধ্যমে প্রকাশিত হয় না ...।

---

1. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃষ্ঠা - ৪৪৪

হজরত মহম্মদ ইসলামের পয়গম্বর, প্রবক্তা ও রূপকার। তেমনি মহামতি লেনিন - স্ট্যালিন মার্কসবাদের অবিসংবাদী প্রবক্তা ও রূপকার। তাত্বিক ক্ষেত্রে যেমন এই সাদৃশ্য তেমনি সাদৃশ্য রয়েছে প্রয়োগের ক্ষেত্রে। উভয় মতবাদ End justifies the means - এই নীতিতে বিশ্বাসী। উদ্দেশ্য সিদ্ধি র জন্য যে কোনই পথই গ্রহণযোগ্য। মানবিক মূল্যবোধ ও নৈতিকতা কোন প্রতিবন্ধক নয়। সম্মতি নয় - বলপ্রয়োগ উভয় মতবাদের ভিত্তিস্বরূপ। তাই দেখা যায় অমুসলমানের রক্ত পিছল পথে, লক্ষ মানুষের মৃতদেহের উপর দিয়েই এগিয়ে গেছে ইসলামের বিজয় রথ। শুধুমাত্র ভারতে যে রক্তপাত হয়েছে তা তুলনাহীন। ঐতিহাসিক Will Durant বলেন The Mohammedan Conquest of India is probably the bloodiest chapter in history. একইভাবে মার্কসবাদের রক্তাক্ত জয়রথ ভূমন্ডলের যে অঞ্চল দিয়ে গেছে - সেখানেই রেখে গেছে দানবীয় হত্যাকান্ড ও বিশ্বব্যাপী ধ্বংসের পদচিহ্ন। আদিম বর্বর হিংসার মাহাত্ম প্রচার উভয় মতবাদেরই লক্ষণীয় বৈশিষ্ট্য। ৬০ লক্ষ ইত্যাদি হত্যা করে হিটলার নিন্দিত;৫ কোটি রাশিয়ানকে হত্যা করেও (সুনীল গঙ্গে াপাধ্যায় - ইতিহাসের স্বপ্নভঙ্গ-পৃষ্ঠা ৩২)

এই প্রস্তাবের বিরুদ্ধে তৃতীয় একটি - স্বতন্ত্র স্বাধীন বাংলার প্রস্তাব উত্থাপিত হয়। মুসলমান বুঝতে পারে সমগ্র বাংলাকে পাকিস্তানের অর্ন্তভুক্ত করা সম্ভব নয়। কিন্তু স্বতন্ত্র বাংলাকে সংখ্যাধিক্যের জোরে সহজেই পাকিস্তানের সঙ্গে যুক্ত করা যাবে। এই প্রস্তাবের প্রধান উদ্যোক্তা স্বয়ং সুরাবর্দি। দুর্ভাগ্যক্রমে সমর্থন ছিল শরৎ চন্দ্র বসু, ডঃ বিধান চন্দ্র রায় ও কিরণ শংঙ্কর রায়ের (উচ্চবর্ণের হিন্দু)। হিন্দুদের মন জয় করার জন্য সুরাবর্দি সাংবাদিক সম্মেলনে আবেগপূর্ণ ভাষায় হিন্দুদের কাছে আবেদন করেন, " আমি অঙ্গীকার করিতেছি যে, ভবিষ্যৎ বর্তমানের ন্যায় হইবে না ... হিন্দুগণ পূর্বের কথা ভুলিয়া এই প্রস্তাব গ্রহণ করিলে আমি তাহাদের আশা ও দাবি পুরাপুরি মিটাইয়া দিবার অঙ্গীকার করিতেছি ... বাংলার প্রাচীন গৌরব ও ঐশ্বর্য আবার ফিরিয়া আসিবে।" কিন্তু হিন্দুরা বিভ্রান্ত হয় না। ভারত বিভাগ স্থির হওয়ার পূর্বেই হিন্দু মহাসভার নেতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জ্জী ১৯৪৭ সালের ১৯শে মার্চ দাবি করেন বাংলাদেশকে ভাগ করে দুটি স্বতন্দ্র প্রদেশ গঠিত হোক। তিনি উদ্যোগী না হলে বাংলাদেশের রাজনৈতিক মানচিত্র হত ভিন্নরূপ। স্বনাম ধন্য ডঃ বি. আর. আম্বেদকরও বাংলা ভাগের দাবি করেন। মুসলমানের পক্ষে ছিলেন যোগেন্দ্র নাথ মন্ডল। পরে বাঙালী মুসলমানদের হাত থেকে প্রাণ বাঁচাতে পালিয়ে আসেন এ বাংলায়। ডঃ আম্বেদকর বলেন - **"বাংলাদেশে হিন্দু জনসংখ্যার ৪৪ শতাংশ। মুসলমান ৫৬ শতাংশ। বাংলাকে ভাগ না করা হলে প্রতিষ্ঠিত হবে মুসলিম রাজত্ব; হিন্দুর বিপদ নিশ্চিত। মুসলমান শাসনের ভয়ঙ্কর বিপদ হতে হিন্দুকে উদ্ধার করার জন্য ডঃ আম্বেদকর বাংলাকে ভাগ করার প্রস্তাব করেছিলেন।** (... to redraw the boundaries, to have Muslims and Hindus placed under seperate National States and thus rescue the 44 p.c. of the Hindus from the horror of the Muslim rule.").[1]

1. Dr. B. R. Ambedkar - Writings & Speeches, Vol - 8, P - 125

মার্কসবাদের প্রাণপুরুষ, সফল রূপকার মহান স্ট্যালিন বিশ্ববন্দিত। ১৯৬৫-১৯৭৫ সাল। শুধুমাত্র এই ১০ বৎসরেই সাংস্কৃতিক বিপ্লবের নামে কম্যুনিষ্ট চীনে ৪ কোটি চীনকে হত্যা করা হয়। তবু মাও- সে-তুঙ-এর গুণমুগ্ধ ভক্তের অভাব নেই। বাবর-তৈমুর-আহম্মদ শাহ্ আবদালিরা তাঁদের শিবিরের সমুখে নিহত হিন্দুদের মুন্ড দিয়ে তৈরী করতেন বিশাল স্তম্ভ (Tower)। সিংহাসনে বসে উপভোগ করতেন সেই বীভৎস মনোরম দৃশ্য! কম্বোডিয়া। লোকসংখ্যা মাত্র ৫০ লক্ষ। ক্ষমতা দখল করে কম্যুনিষ্ট নেতা পলপট হত্যা করেন ২০ লক্ষ কম্বোডিয়ানকে। তাদের মাথার খুলিগুলো সাজিয়ে রাখা হত।

সুরাবর্দি তবু আশা ছাড়েন না। একদিন বাংলার মুসলিম লীগ সেক্রেটারি আবুল হাসেম ও শরৎ বসুকে সঙ্গে নিয়ে তিনি দিল্লীতে গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করেন। আবুল হাসেম আবেগপূর্ণ ভাষায় গান্ধীকে বলেন ঃ " ভাষা, সংস্কৃতি ও অতীত ইতিহাস বাংলার হিন্দু মুসলমানের মধ্যে ঐক্যের চিরস্থায়ী বন্ধন প্রতিষ্ঠা করিয়াছে। হিন্দু - মুসলমান সকলেই আমরা বাঙালী; সুতরাং হাজার মাইল দূর হইতে পাকিস্তান আমাদের শাসন করিবে ইহা ঘৃণার বিষয়।" খুশী হইয়া গান্ধীজি হাসেমকে জিজ্ঞাসা করিলেন, "আচ্ছা যদি পাকিস্তান ইসলাম ধর্ম ও সংস্কৃতি প্রচারের জন্য স্বাধীন বঙ্গদেশকে স্বেচ্ছায় পাকিস্তানের সহিত যুক্ত রাজ্য (Voluntary Federation) গঠনের জন্য আহ্বান করে তবে কি স্বাধীন বঙ্গদেশ তাহা প্রত্যাখ্যান করিবে? হাসেম হ্যাঁ বা না কোন উত্তর দিলেন না। (অনুরূপ প্রশ্ন ডঃ সাহেবকে করিলে তিনি কি উত্তর দিতেন, জানিতে বড়ই সাধ হয়)। গান্ধীজী পুনরায় জিজ্ঞাসা করিলেন, আপনি যে বাঙালীর সংস্কৃতির কথা বলিলেন, তাহার মূল উৎস উপনিষদে এবং বর্তমান যুগে রবীন্দ্রনাথ ঠাকুর যাহাকে মূর্ত করিয়াছেন, তাহা কেবল বঙ্গদেশের নহে, সর্বভারতীয় সংস্কৃতি। সুতরাং স্বাধীন অখন্ড বঙ্গদেশ কি ভারতের সঙ্গে স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠার আহ্বান গ্রহণ করিবে* ? এবারেও হাসেম চুপ করিয়া রহিলেন। কিন্তু সুরাবর্দি সম্মতি দিয়েছিলেন[1]।" হাসেমের নীরবতা উদ্দেশ্য প্রণোদিত, মুসলমানের প্রকৃত উদ্দেশ্যের ইঙ্গিতবাহী; সুরাবর্দির সম্মতি ছলনায় কার্যসিদ্ধির প্রয়াস মাত্র। যা হোক হিন্দুদের ঐক্যবদ্ধ বিরোধিতায় মুসলমানের স্বাধীন বঙ্গদেশ গঠনের চক্রান্ত সফল হয় নাই। এই হল '৪৭ সালে বঙ্গভঙ্গের ইতিহাস।

ডঃ সাহেব লিখেছেন - কিন্তু অখন্ড বাংলা ভারতে থাকতে চাইলেও তাকে অখন্ড রাখা যাবে না; হিন্দুদের সংখ্যাগরিষ্ঠ অংশকে নিয়া আলাদা রাজ্য গড়তে হবে, সে দাবিকে সমর্থন করব কি করে? পৃ ঃ- ৬৩

এই অশ্রুতপূর্ব ঐতিহাসিক তথ্য ডঃ ইসলাম কোথায় পেলেন জানতে ইচ্ছা করে। বাংলা ভাগ হয়েছে বলেই তো পূর্ব বাংলার হিন্দুদের একটা অংশ মুসলমানের কসাইখানা হতে পালিয়ে এ বঙ্গে আসতে পেরেছিল। নতুবা তো সকলকেই ইসলামের বেদীমূলে প্রাণ দিতে হত। তা না পারার জন্যই কি এই কুম্ভীরাশ্রু .... ?

---

* গান্ধী ইসলাম ধর্ম ও সংস্কৃতির কথা বলেছেন। তিনি বলেছেন, বাংলার সংস্কৃতি ভারতীয় সংস্কৃতিরই অঙ্গ, যার উৎস হল উপনিষদ। উপনিষদ আবার হিন্দুর ধর্মশাস্ত্র। তা হলে গান্ধীও স্বীকার করছেন যে, ভারতীয় সংস্কৃতি সর্ব অর্থেই হিন্দু সংস্কৃতি। ইসলামিক সংস্কৃতি স্বতন্ত্র, মুসলমানের সংস্কৃতি - যার উৎস হল ইসলাম ধর্ম। এই তো যথার্থ বিশ্লেষণ। তা হলে যে বলা হয়, হিন্দু-মুসলমানের এক সংস্কৃতি; ভারত হল মিশ্র সংস্কৃতির (কখনও তা হয় না) দেশ। সে কি শুধু প্রচার, উদ্দেশ্য প্রণোদিত মিথ্যাচার অথবা আত্মপ্রতারণা?

---

1. রমেশ চন্দ্র মজুমদার - বাংলা দেশের ইতিহাস, ৪র্থ খন্ড, পৃঃ ৪৫০

বর্ণব্যবস্থা

হিন্দু সমাজে বর্ণ বিভাগ সম্বন্ধে পরিকল্পিত ভাবেই বিরুদ্ধ প্রচার করা হয়। ডঃ নজরুল ইসলামও হিন্দু বিরোধিতায় সেই একই পথের যাত্রী।

তিনি বলেন, "ঋগ্বেদের পুরুষসূক্ত থেকে শুরু করে ধর্মীয় শাস্ত্র বলে পরিচিত স্মৃতি - সংহিতা - পূরাণ সমূহে দাবি করা হয়েছে, ব্রাহ্মণ ব্রহ্মার মুখ থেকে, ক্ষত্রিয় হাত থেকে, বৈশ্য উরু থেকে এবং শূদ্র পায়ের পাতা থেকে জন্মেছেন। মনু সংহিতা প্রভৃতি গ্রন্থে ধর্মের নামে বিধান দেওয়া হয়েছে যে, ব্রাহ্মণরা পৌরহিত্য ও বিদ্যাচর্চ্চা করবেন;ক্ষত্রিয়রা দেশরক্ষা করবেন, বৈশ্যরা লাভজনক কাজ করবেন;কিন্তু জনসংখ্যার যাঁরা ৮৫ শতাংশ, সেই শূদ্ররা অখিন্ন চিত্তে ১৫ শতাংশ তিন বর্ণের সেবা করবেন ইত্যাদি ..." - পৃঃ ৩৯ । তাঁর বইয়ে তিনি এতবার "ব্রাহ্মণ-কায়স্থ-শূদ্র" প্রসঙ্গ তুলেছেন যে মনে হয় তিনি দলিত মুসলিম ঐক্য গড়ে হিন্দুর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে সংকল্পবদ্ধ । মক্কা ও মুসলিম দুনিয়া থেকে প্রচুর অর্থ পেয়ে যোগেন মন্ডলের ভাবশিষ্য কিছু দলিত নেতা যে তাঁর ফাঁদে পা দেবেন না;তেমন কথা নিশ্চি ত করে বলা যায় না। যাই হোক ডঃ সাহেবের ব্রহ্মাস্ত্র নিয়ে কিঞ্চিৎ আলোচনা করতেই হয়।

আমাদের এরূপ ধারণা আছে যে, সকল মানুষই সমান। রাজনৈতিক মতবাদ হিসেবে ইহা সত্য হলেও প্রত্যেক মানুষ্য সমগুণ নিয়ে জন্মগ্রহণ করে, এ ধারণা সত্য নয়। জন্মগত অবস্থাতেই ইন্দ্রিয়াদি, মেধা চিত্তবৃত্তি বিষয়ে মানুষে মানুষে বৈষম্য থাকে। আধুনিক বিজ্ঞান মনে করে এই পার্থক্যের কারণ বংশগত। কিন্তু হিন্দু ঋষিগণের মতে "সৃষ্টিতত্ত্ব ও জন্মান্তর বাদের" জন্যই এইরূপ বৈষম্য। বৃত্তিমূলক জাতি বিভাগ একটি সামাজিক ব্যবস্থা। প্রায় সকল সমাজেই বৃত্তি বিভাগ বা Division of labour প্রথা আছে। যেমন খৃষ্টান সমাজেও যাজক, যোদ্ধা, সমাজসেবী ইত্যাদি শ্রেণী আছে। যুগ পরিবর্তনের সঙ্গে সামাজিক ব্যবস্থারও পরিবর্তন হয়। বর্তমানে চর্মব্যবসায়, ক্ষৌরকর্ম বা পয়ঃ প্রণালী পরিষ্কারেও ব্রাহ্মণ, কায়স্থ সন্তানরা যুক্ত হন। কারণটি অর্থনৈতিক। হিন্দু সমাজে তাঁরা ব্রাত্য নন;অথবা তাঁদের আধ্যাত্মিক মুক্তির পথ বন্ধ হয়েছে - একথা কেউ বলেন না।

স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন - গুণ ও কর্মানুসারে আমি মনুষ্যজাতিকে ৪ বর্ণে ভাগ করছি।

চাতুর্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণ কর্ম বিভাগশঃ (গীতা ৪/১৩) । অভিশাপ, আশীর্বাদ, আসক্তি ইত্যাদি বিভিন্ন কারণে উচ্চ বা নীচ বর্ণে জন্ম হয়। কিন্তু সেই বর্ণে জন্ম গ্রহণ করলেও তারা নিজপূর্ব স্বভাব অনুযায়ী আচরণ করে থাকে। "এই জন্যই উচ্চবর্ণে জন্মালেও অনেকের নীচ আচরণ দেখা যায় যেমন ধুন্ধুকারী প্রভৃতি। আবার নীচ বর্ণে জন্মালেও অনেকে মহাপুরুষ হন, যেমন - বিদুর, কবীর, রইদাস । যারা সনাতন বা হিন্দুধর্মের সমালোচনা করেন তারা ঋগ্বেদের পুরুষসূক্তের (১০/৯০/১২) আক্ষরিক ব্যাখ্যার উপর নির্ভর করেন। তাঁরা কিন্তু ভগবৎ নিঃসৃত গীতার বাণী (চাতুর্বর্ণ্যং ময়া সৃষ্টং...) কখনও শোনেন নাই। কলিকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি, সরস্বতী বিদ্যাবারিধি, প্রজ্ঞাভারতী, পদ্মভূষণ আচার্য্য ডঃ দুর্গাদাস বসু তাঁর বিখ্যাত 'হিন্দুধর্মের সারতত্ত্ব' গ্রন্থে বিষয়টি নিয়ে সবিস্তার আলোচনা করেছেন। আমি সংক্ষেপে তা উদ্ধৃত করছি।

(ক) বৈদিক যজ্ঞাদি ও মন্ত্রের সফলতার ভিত্তি ছিল তাহাদের সম্যক অনুষ্ঠান ও আবৃত্তিতে। এইরূপ নির্ভুল অনুশীলন অভ্যাস সাপেক্ষ ছিল বলিয়া, যাহারা পরিচর্যাদিকার্যে রত তাহারা হঠাৎ চেষ্টা করিলে বিভ্রাট ঘটিতে পারে মনে করিয়া শূদ্রের পক্ষে বৈদিক কর্মকান্ডে অনধিকার আরোপিত হইয়াছিল বলিয়া মনে হয়। যে মনু **শূদ্রের বেদ পাঠ নিষিদ্ধ করিয়াছিলেন, তিনিই আবার বলিয়াছেন যে, 'মন্ত্রবর্জন' পূর্বক যজ্ঞাদি অনুষ্ঠান করিলে শূদ্র নিন্দনীয় নহে, বরং প্রশংসনীয় হইবে।**

খ) বেদচর্চার জন্য যে বহুদিনের অভ্যাস ও চারিত্রিক শুদ্ধ তার প্রয়োজন তাহার প্রমাণ পাই ঐ মনুসংহিতাতেই, অন্যপ্রসঙ্গে। শূদ্র ছাড়া অন্য তিন বর্ণকে বেদ পঠনের অধিকারী বলিলেও বেদের অধ্যাপনার অধিকার একমাত্র ব্রাহ্মণকেই দেওয়া হইয়াছে। তাহার কারণ অতি সুস্পষ্ট - যাহারা যুদ্ধ কর্মে অথবা বাণিজ্যাদি কর্মে লিপ্ত, বেদ অধ্যাপনা করিতে হইলে যে ব্রহ্মবিদ্যার প্রয়োজন তাহা তাহারা কোথায় পাইবে? অপরদিকে বেদ-চর্চা ও বেদকর্মের অনুষ্ঠান এবং ব্রহ্মজ্ঞান লাভ ব্রাহ্মণের একমাত্র অবলম্বন। তিনি যদি এই বেদাভ্যাস ব্যতীত অন্যবৃত্তি অবলম্বন করেন; এমনকি জীবন ধারনের জন্য অন্য কোন বিদ্যা আশ্রয় করেন, তবে তিনি জীবিতাবস্থাতেই শূদ্রত্ব প্রাপ্ত হন। বেদাভ্যাসই ব্রাহ্মণের পরম তপস্যা, বেদজ্ঞানেই তাহারা শ্রেষ্ঠত্ব এবং ইহার অভাবে তিনি নিষ্ফল।

(গ) স্মৃতির যুগে শূদ্রের বেদমন্ত্র উচ্চারণে নিষেধ হইলেও উপনিষদ্ বা জ্ঞান কান্ডের পাঠ নিষিদ্ধ হইয়াছিল বলিয়া দেখা যায় না।

(ঘ) যাঁহারা শূদ্রকে নীচজাতীয় বলিয়া ঋগ্বেদের পুরুষসূক্তের দোহাই দিয়ে থাকেন, তাঁহারা ঐ সূক্তে বর্ণিত পুরুষকে মনুষ্যদেহধারী মনে করেন যাহাতে পদ হইতে জাত জীব নিকৃষ্ট হইতে বাধ্য। কিন্তু ইহারা পুরুষসূক্তটির ১৬টি মন্ত্র একত্রে পাঠ করেন

নাই। ঐ সূক্তের প্রথম মন্ত্রেই বলা হইয়াছে যে, সৃষ্টিকর্তা ঐ পুরুষটি নরদেহ ধারী বা নরজাতীয় জীব নহেন, ইনি ব্রহ্মান্ডরূপী এক বিরাট পুরুষ যাঁহার সহস্র মস্তক, সহস্র চক্ষু ও সহস্রপদ। আবার শেষের দিকে বলা হইয়াছে যে, ইঁহার মস্তক হইতে স্বর্গ ও চরণ হইতে পৃথিবী সঞ্জাত হইল। এই সহস্রশীর্ষা, সহস্রাক্ষ, সহস্রপাৎ পুরুষের মাহাত্মই উপনিষদে প্রতিধ্বনিত হইয়াছে। ... এই সৃষ্টি কর্তা বিরাট পুরুষের শীর্ষদেশে দ্যুলোক, চন্দ্র-সূর্য্য হইতেছে তাঁহার চক্ষুদ্বয়, দিক্‌সমূহ তাঁহার কর্ণ এবং পৃথিবী তাঁহার চরণ স্বরূপ।

তাহা হইলে "পুরুষ সূক্ত" হইতে শূদ্রের দীনতা বা জন্মগত বর্ণবিভাগের ধারণা করা অলীক ও অযৌক্তিক। কিরূপে এবং কেন বর্ণবিভাগ হইল তাহার বিস্তারিত ব্যাখ্যা মহাভারতের শান্তিপর্বে আছে, তাহার প্রতিটি বাক্যই সমালোচকদের স্তব্ধ করা উচিত।

১। সৃষ্টির আদিতে মানবজাতির মধ্যে কোনও শ্রেণীবিভাগ ছিল না। সকলেই ব্রহ্ম হইতে উৎপন্ন হওয়ায় সমগ্র মানবজাতিই 'ব্রাহ্মণ' ছিল।

২। যজুর্বেদেও বলা হইয়াছে যে শূদ্রাদি সমেত - সমগ্র মনুষ্য জাতির জন্যই বেদবাণী উদ্দিষ্ট হইয়াছিল - যজুঃ (২৬/২) যথেমাং বাচং কল্যাণীমাবদানি জনেভ্যঃ ব্রহ্মরাজন্যাভ্যাং শূদ্রায় চ ...।

৩। কিন্তু পরবর্তী যুগে, সমাজের ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে বিভিন্ন ব্যক্তি ভিন্ন ভিন্ন বৃত্তি বা জীবন ধারণের জন্য নানাজাতীয় কর্ম অবলম্বন করিলেন এবং সেই সকল কর্মই মানবজাতির মধ্যে শ্রেণী বিভাগ করিল। যিনি যজন, যাজন অধ্যয়ন, দান, অপরিগ্রহ, সত্যনিষ্ঠা, অদ্রোহ ইত্যাদি বৈদিক ক্রিয়া ও সদাচার অবলম্বনে জীবন যাপন করিতেন তাঁহাকে 'ব্রাহ্মণ' বলা হইত, অপরদিকে যুদ্ধ, প্রজারক্ষাদি কর্মে নিরত ব্যক্তিকে 'ক্ষত্রিয়' এবং বাণিজ্য, পশুপালন ও কৃষিকার্যে নিযুক্ত ব্যক্তিকে ' বৈশ্য' বলা হইত। 'শূদ্র' বলা হইত সেই ব্যক্তিকে যিনি বেদ পরিত্যাগ করিয়া অজ্ঞানত্ব প্রাপ্ত হইয়াছেন, লোভের বশবর্ত্তী হইয়া যাহা কিছু ভোজন করেন এবং হিংসা ও মিথ্যা আশ্রয় করিয়া ব্যাধের ন্যায় নিন্দনীয় জীবিকা গ্রহণ করেন।

৪। এইরূপে সদাচার ভ্রষ্ট ও স্বেচ্ছাচারী বলিয়া শূদ্রের অন্তর-বাহির পবিত্রতা রহিত এবং সেজন্যই স্বীয় কর্ম বশতঃ তিনি বেদাধ্যয়ন অনধিকারী হইলেন। .... স্বীয় কর্মানুসারে ছিল এই পরিচয়, জন্মগত জাতিবিভাগ নহে। কেহ ব্রাহ্মণের ঘরে জাত হইয়াও বেদাধ্যয়ন ত্যাগ করিয়া, এই রূপে হীনবৃত্তি ও ভ্রষ্টাচারী হইলে তাহাকে শূদ্রই বলা হইত। (মহাভারত - শান্তি - ১৮৮/১৩) হিংসা ... শূদ্রতাং গতাঃ)। অপরদিকে, কোনও শূদ্রের মধ্যে যদি সত্য, দান, দয়া, তপস্যাদি ব্রাহ্মণোচিত গুণ দেখা যাইত, তবে তিনি ব্রাহ্মণ আখ্যাই পাইতেন।

৫। ব্রাহ্মণোচিত গুন অর্জন করিয়া ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র যে কোন জাতির পক্ষে ব্রাহ্মণত্ব অর্জন করা সম্ভব ছিল, ইহার প্রমাণ বহু শাস্ত্রে পাওয়া যায়। আবার বহুজাতি বেদক্রিয়াদি হইতে বিরত হওয়ায় শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে তাহার উল্লেখ মনুসংহিতায় আছে। বেদ বিভাজক এবং ব্রহ্মসূত্র প্রণেতা কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস স্বয়ং ধীবরকন্যা সত্যবতীর সন্তান। দেবর্ষি নারদ ছিলেন দাসীপুত্র। ঋগ্বেদের তৃতীয় মন্ডলের ঋষি বিশ্বামিত্র ক্ষত্রিয় রাজা হইয়া তপস্যার দ্বারা ব্রাহ্মণত্ব লাভ করেন। এই প্রসঙ্গে সামবেদান্তর্গত ছান্দোগ্যের ন্যায় আদি এবং মুখ্য উপনিষদে উক্ত সত্যকাম উপাখ্যানের উল্লেখ করিতে হয়। সত্যকাম তাঁহার মাতার নিকট জিজ্ঞাসা করিয়া তাঁহার গোত্র ও পিতার নাম জানিতে পারে নাই। সত্যকামের মাতা বলিয়াছিলেন যে, বহুপরিচর্য্যানিরতা আমি যৌবনে তোমাকে লাভ করিয়াছিলাম, এজন্য তোমার গোত্র জানিতে পারি নাই। সুতরাং সত্যকাম দাসীপুত্র হওয়া অসম্ভব নহে;তাহা যদি নাও হয়, তাহা হইলেও গুরু গৌতম কেবলমাত্র সত্যকামের সত্য নিষ্ঠা দেখিয়াই তাহাকে ব্রাহ্মণ বলিয়া অভিহিত করিলেন। এবং তৎক্ষণাৎ তাঁহাকে উপনয়ন দান করিতে স্বীকৃত হইলেন। ... গুরু গৌতম সত্যকামকে ব্রহ্মবিদ্যা দান করিয়াছিলেন। শুধু তাহাই নহে, ঐ ব্রহ্মবিদ্যার বলে সত্যকাম নিজেই গুরু রূপে উপকোসলাদি শিষ্যকে আত্মবিদ্যা দান করিয়াছিলেন।

শূদ্রের বেদাধ্যয়ন* নিষিদ্ধ, ইহা যদি হিন্দুধর্মের সারতত্ত্ব হইত;তাহা হইলে শ্রী চৈতন্যকে সনাতন ধর্ম হইতে বহিঃষ্কৃত করা হইত, কারণ চৈতন্যদেব যবন হরিদাসের বেদ পাঠকে শুধু অনুমোদন নহে, প্রশংসা করিয়াছেন -

"হরিদাস কহে প্রভু না ছুঁইহ মোরে ।
মুই নীচ অস্পৃশ্য পরম পামরে।।
প্রভু কহে তোমা স্পর্শি পবিত্র হইতে।
নিরন্তর চারিবেদ কর অধ্যয়ন[1]।। (চৈতন্য চরিতামৃত)

স্বামীজী গুণগত বর্ণবিভাগ মানতেন - জন্মগত নয়। তিনি একাধিক বক্তৃতায় মহাভারতের এই বর্ণ বিভাগের উল্লেখ করেছেন ঃ "জাতিভেদের একমাত্র যুক্তিসঙ্গত ব্যাখ্যা মহাভারতেই পাওয়া যায়। মহাভারতে লিখিত আছে ঃ সত্যযুগের প্রারম্ভে একমাত্র ব্রাহ্মণজাতি ছিলেন। তাঁহারা বিভিন্ন বৃত্তি অবলম্বন করিয়া ক্রমশঃ বিভিন্ন জাতিতে

---

* শূদ্রের বেদপাঠে অধিকার নেই - এই নিয়ে সমালোচনার ঝড় । এখন তো সুলভে চারিবেদ, উপনিষদ সকলই পাওয়া যায়। নিম্নবর্ণের কথা থাক- তথাকথিত উচ্চবর্ণের কজনে এই শাস্ত্র গ্রন্থ সকল পড়েছেন .... ?

1. আচার্য্য ডঃ দুর্গাদাস বসু- হিন্দুধর্মের সারতত্ত্ব, পৃষ্ঠা ঃ ১৭৩-১৭৭

বিভক্ত হইলেন। জাতিভেদ-সমস্যার যত প্রকার ব্যাখ্যা শোনা যায়, তন্মধ্যে ইহাই একমাত্র সত্য ও যুক্তিযুক্ত ব্যাখ্যা। আগামী সত্যযুগে আবার ব্রাহ্মণেতর সকল জাতিই ব্রাহ্মণে পরিণত হইবেন। .... এই জগতের আদর্শ সেই অবস্থা যখন 'সর্বং ব্রহ্মময়ং জগৎ' পুনরায় হইবে, যখন শূদ্রবল, বৈশ্যবল ও ক্ষত্রিয়বলের আর আবশ্যকতা থাকিবে না। .... তখনই সমগ্র মনুষ্যজাতি ব্রাহ্মণ্যবিশিষ্ট হইয়া ব্রাহ্মণ হইয়া যাইবে, তখনই জাতিভেদ লুপ্ত হইয়া প্রাচীন ঋষিদিগের দৃষ্ট সত্যযুগ সমুপস্থিত হইবে।"[1]

বেদমন্ত্রের অর্থ উপলব্ধি ও স্মরণ রাখিতে চাই মেধা। (শ্বে - ৪/২০) হৃদা হৃদিস্থং ... কঠ (১/৩/১৬) মেধাবী ... মহীয়তে। সেই মেধা অশুচি ও স্বেচ্ছাচারী দেহধারীর পক্ষ্যে লভ্য নহে। এমন কি সম্যক্ উচ্চারণ পর্যন্তও সম্ভব নহে; এই জন্যই শূদ্রের পক্ষে বেদমন্ত্র উচ্চারণ নিষিদ্ধ হইয়াছিল।

এই একই অভিমত দিয়েছেন বিশ্ব বরেণ্য মনীষী ম্যাক্সমুলার। the four Vedas, containing about 1,00,000 verses ... The Vedas are handed down from mouth to mouth, not written on paper. There are in every generation some intelligent Brahmans who can recite those 1,00,000 verses. I myself saw such men..... and they had always to learn the veda by heart and from the mouth of a properly qualified teacher.[2] অত্যন্ত মেধাবী ও স্মৃতিধর না হইলে বেদের ১লক্ষ শ্লোক আবৃত্তি করা সম্ভব নয়।

স্বনামধন্য দার্শনিক ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ বর্ণ বিভাগ সম্বন্ধে যে সুচিন্তিত অভিমত দিয়েছেন তা সবিশেষ প্রণিধান যোগ্য। তিনি বলেছেন - "বর্ণভেদ ব্যক্তিগত প্রকৃতির উপর প্রতিষ্ঠিত কাজেই সেগুলি অমর নয়। প্রথমে একই বর্ণ ছিল। আমরা হয় - সবাই ব্রাহ্মণ বা সবাই শূদ্র ছিলাম। স্মৃতিতে আছে যে লোকে শূদ্র হয়েই জন্মায়, পরে সংস্কারের দ্বারা ব্রাহ্মণ হয়। "জন্মনা জায়তে শূদ্রঃ সংস্কৈর্দ্বিজ উচ্যতে।" সামাজিক প্রয়োজনে ও ব্যক্তিগত ক্রিয়াকলাপের দ্বারা ব্যক্তিদের ভিন্ন ভিন্ন বর্ণে ভাগ করা হত। ব্রাহ্মণেরা পুরোহিত। তাদের সম্পত্তিও থাকে না, শাসনাধিকারও থাকে না। তারাই তত্ত্বজ্ঞানী ও সমাজের বিবেক স্বরূপ। ক্ষত্রিয়েরা শাসক, তাদের মূল ভাব জীবনের প্রতি শ্রদ্ধা। বৈশ্যরা ব্যবসায়ী ও শিল্পী, প্রযুক্তিবিদ, তাদের লক্ষ্য নিপুণতা। শূদ্ররা প্রোলিটেরিয়েট, গতানুগতিক শ্রমিক। তারা কাজের বৈশিষ্ট নিয়ে মাথা ঘামায় না, আদেশ

---

1. স্বামী লোকেশ্বরানন্দ সম্পাদিত - চিতানায়ক বিবেকানন্দ, পৃষ্ঠা - ২৭-২৮ (বানী ও রচনা - ৫ম খন্ড, ১ম সংস্করণ, পৃষ্টা - ১৯০, ৪২০)।

2. F. Max Muller - INDIA-What can it teach us? P - 190, 191

মত কাজ করে যায়, নিজস্ব অবদান সামান্যই রাখে। তারা নির্দোষ আবেগময় জীবনযাপন করে ও পরম্পরাগত প্রথায় বিশ্বাসী। বিবাহ, সন্তানোৎপাদন ও অন্যান্য ব্যক্তিগত সম্পর্কজাত পারিবারিক দায় মেটাতে পারলেই তাদের আনন্দ ...

এই শ্রেণীবিভাগ সামাজিক ও মনস্তাত্তিক ভিত্তিতে গঠিত। মানুষের মধ্যে আত্মার অবস্থিতির স্বীকৃতি, হিন্দুধর্মের অপরিহার্য অঙ্গ এবং এই দিক থেকে সকল মানুষই সমান। বৃত্তি বৈচিত্রই বর্ণভেদের কারণ। আর নিঃস্বার্থ সেবা দ্বারা বর্ণভেদ অতিক্রম করাই জীবনের উদ্দেশ্য। বর্ণভেদ প্রথা সমস্ত মানবজাতির পক্ষেই প্রযোজ্য। ... নন্দ, মৌর্য, গুপ্ত প্রভৃতি সাম্রাজ্য স্থাপয়িতারা গোঁড়ামতে নীচবর্ণের। গুপ্ত সম্রাটরা ম্লেছ লিচ্ছবি বংশে বিবাহ করেছিলেন। ... বিশেষ বিশেষ ক্ষেত্রে ব্যক্তি বিশেষ বা গোষ্ঠী বিশেষ বর্ণান্তর লাভ করেছে তার উদাহরণ আছে। বিশ্বামিত্র, অজামীড় ও পুরামীড় ব্রাহ্মণত্বে উন্নীত হয়েছিলেন, এমন কি বৈদিক স্তোত্রও রচনা করেছিলেন। ক্রীতদাসী ইলুষার পুত্র কবষকে যজ্ঞে ব্রাহ্মণ যাজকের পদে উন্নীত করা হয়। জনক ক্ষত্রিয় হয়ে জন্মালেও তাঁর গভীর জ্ঞান ও সাধুচরিত্রের জন্য ব্রাহ্মণ হতে পেরেছিলেন। শূদ্র হয়ে জন্মেও আমরা উচ্চতম পর্যায়ে উঠতে পারি।

শূদ্রযোনৌ হি জাতস্য সদ্‌গুণান উপতিষ্ঠতঃ, বৈশ্যত্বং
লভতে ব্রাহ্মং ক্ষত্রিয়ত্বং
তথৈব চ, আর্জবে বর্তমানস্য ব্রাহ্মণ্যমভিজায়তে। অরণ্য পর্ব"[1]

প্রথমে জাতিবিভাগ ছিল গুণ ও বৃত্তিগত। সামাজিক বিকারের ফলেই তাহা পরবর্তী যুগে জন্মগত বিভাগে পর্যবসিত হয়েছিল। হিন্দু জাতি ও সমাজের পক্ষে ইহা খুবই ক্ষতিকারক হয়। তাই "হিন্দু আচার্যরা বর্ণবিভাগের নিন্দা করলেন । হিন্দু জাতিকে পুনরুজ্জীবিত করার জন্য রামানন্দ, চৈতন্য, কবীর, নানক, দাদু ও নামদেবের মত মানবমৈত্রীর উদ্‌গাতাদের আবির্ভাব হয়েছিল .... রামমোহন রায়, দয়ানন্দ সরস্বতী ও গান্ধী আদি মহাপুরুষরা এই নীরব বিপ্লবে সহায়তা করেছেন। ... এমনকি হিন্দু মহাসভাও প্রস্তাব করেন, " যেহেতু বর্তমানে প্রচলিত জন্মগত বর্ণভেদ প্রথা চিরন্তন সত্য ও নীতির বিরোধী, যেহেতু ইহা হিন্দুধর্মের মূল ভাবের বিপরীত, যেহেতু ইহা মানবজাতির সাম্য, সম্বন্ধীয় মৌলিক অধিকারকে অগ্রাহ্য করে ... এই নিখিল ভারত হিন্দুমহাসভা এই প্রথার আপোসহীন বিরোধিতা ঘোষণা করছে এবং হিন্দু সমাজকে সত্বর এই প্রথা বর্জন করতে আহ্বান করছে [2]।"

---

1. ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণাণ - ধর্ম ও সমাজ (Religion and Society), পৃঃ ১১৮-১২০
2. ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণাণ - ধর্ম ও সমাজ (Religion and Society), পৃঃ ১২১

ডঃ নজরুল ইসলাম ইসলামি ধর্মশাস্ত্রে সুপন্ডিত। কিন্তু দিগন্ত প্রসারিত অতলান্ত জলধির ন্যায় আর্যধর্মশাস্ত্রের গভীরতা অনুধাবন নিঃসন্দেহে সুকঠিন। একটি বিষয় খুবই কৌতুহলোদ্দীপক। ডঃ ইসলাম হিন্দু সমাজের বর্ণবিভাগ ও তজ্জনিত নিম্নবর্ণের হিন্দুদের জন্য খুবই ব্যথিত। কিন্তু সাম্য ও মুসলিম ভ্রাতৃত্বের (Muslim Brotherhood) উপর প্রতিষ্ঠিত ইসলামি সমাজের চিত্র কিরূপ? প্রথম - সিয়া সুন্নী সংঘাত। পয়গম্বর মহম্মদের তিরোধানের পর এই রক্তক্ষয়ী সংঘর্ষের শুরু - আজ থেকে প্রায় দেড় হাজার বৎসর পূর্বে । সময়ের সঙ্গে পাল্লা দিয়ে সেই সংঘর্ষ তীব্রতর হচ্ছে। শিয়া মসজিদে নমাজের সময় আক্রমণ করে শত শত মানুষকে হত্যা প্রায় নিত্যকার ঘটনা। দ্বিতীয় - মুসলমান জাতির মধ্যে 'আহ্‌মেদিয়া' ও 'বোরা' নামে দুটি সম্প্রদায় আছে। ইসলাম ধর্মে এঁরা স্বীকৃত নয়, সর্বত্র নির্যাতীত।

ডঃ বি.আর.আম্বেদকর মুসলিম সমাজের জাতি বিভাগ সম্বন্ধে লিখেছেন ঃ মুসলমানদের মধ্যে ৪টি প্রধান জনজাতি হল - শেখ, সৈয়দ, মোগল এবং পাঠান। তবে মুসলমানরা সকলকে দুইভাগে ভাগ করে। ক) আসরফ বা শরফ , খ) আজলফ । 'আসরফ' পদটির অর্থ হল 'অভিজাত'। বিদেশাগত মুসলমান ও তাদের বংশধর এবং উচ্চবর্ণের ধর্মান্তরিত হিন্দুরা এই শ্রেণীর অর্ন্তভুক্ত। শ্রমজীবি সহ অন্যসকল মুসলমান ও নিম্নবর্ণের ধর্মান্তরিত হিন্দুরা 'আজলফ' নামে পরিচিত। পদটি অবজ্ঞাসূচক - অর্থ হল - ঘৃণ্য, দুষ্ট, দীন, দুঃখী, পাজি। তাদের কামিনা ও ইতর নামেও সম্বোধন করা হয়। কোথাও কোথাও তৃতীয় একটি শ্রেণীর মুসলমানও আছে। তাদের নাম আরজল বা নিম্নতম শ্রেণী। অন্য মুসলমান এদের ছোঁয়া এড়িয়ে চলে। মসজিদে এদের প্রবেশ নিষেধ; মুসলিম কবরখানায় এদের স্থান হয় না।

১। আসরফ - অভিজাত শ্রেণীর মুসলমান।

ক) সৈয়দ, খ) শেখ, গ) পাঠান, ঘ) মোগল, ঙ) মালিক, চ) মীর্জা।

২। আজলফ - নিম্নশ্রেণীর মুসলমান।

ক) চাষী - যারা পূর্বে হিন্দু ছিল।

খ) দর্জি, জোলা, ফকির, র‍্যাঙ্গরেজ (Rangrez)।

গ) বারহি, ভাটিয়ারা, ধুনিয়া ইত্যাদি।

ঘ) আবদল, বাকো, বেদিয়া, ধোবি ইত্যাদি।

৩। আরজল অথবা দলিত শ্রেণী

ক) ভানার, হালালখোর, হিজরা, মেথর ইত্যাদি।

দুই শ্রেণীর মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপন কঠোর ভাবে নিষিদ্ধ । যেমন একজন ধুমা (Dhuma) । সে ধুমা ব্যতীত অন্য কাউকে বিবাহ করতে পারে না।

(The conventional division of the Mahomedans in to four tribes - Sheikh, Saiad, Moghul and Pathan.... The Mahomedans themselves recognise two main social divisions. 1. Ashraf or Sharaf and 2. Ajlaf, Ashraf means 'noble' and includes all undoubted descendants of foreigners and converts from high cast Hindus. All other Mahomedans including the occupational groups and all converts of lower ranks, are known by the contemptuous terms, 'Ajlaf','wretches' or 'mean People'; they are also called Kamina or Itar .... In some places a third class, called Arzal or 'Lowest of all', is added. With them no Mahomedan would associate, and they are forbidden to enter the mosque to use the public burial ground.

1. Ashraf or better class Mahomedans :
   i) Saids, ii) Sheikhs, iii) Pathans, iv) Moghul, v) Mallik, vi) Mirza.

2. Ajlaf or lower class Mahomedans :
   a) Cultivating sheikhs and others who were originally Hindus.
   b) Darzi, Jolaha, Fakir and Rangrez.
   c) Barhi, Bhathiara, Dhunia etc.
   d) Abdal, Bako, Bediya, Dhobi etc.

3. Arjal or degraded class :
   a) Bhanar, Halalkhor, Hijra, Methar etc.

The prohibition on inter marriage extends to higher as well as to lower castes, and a Dhuma for example, may marry no one but a Dhuma.

সৃষ্টিকর্তার পদযুগল হতে সৃষ্ট, তাই হিন্দু সমাজে শূদ্ররা অবহেলিত। মুসলমান সমাজ তো সাম্য ও মুসলিম ভ্রাতৃত্ব নীতির উপর প্রতিষ্ঠিত। তবে সেখানেও আজলফ ও আরজল শ্রেণীভুক্ত দলিত ও অস্পৃশ্য মুসলমান কেন? তারা কি বিধর্মী সংহারকারী পরম কারুণিক আল্লা অথবা জেহাদের (Holy War) নায়ক পয়গম্বর মহম্মদের পদ সঞ্জাত.... ?

আর্যসভ্যতা

